# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 6 ■ 7th February, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


## স্টেট ব্যাঙ্কে ২,০৫০ অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারি সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'সার্কেল বেসড অফিসার' পদে ২,০৫০ জন ছেলেমেয়ে নিচেছ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ প্রাক্তন সমরকর্মীরা আর্মি স্পেশাল সার্টিফিকেট অফ এডুকেশন বা, নেভি কিংবা এয়ারফোর্সের করেসপন্ডেন্স সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ১৫ বছর আর্মড ফোর্সে চাকরি করে থাকলেও যোগ্য। ইংরিজিতে লিখতে ও বলতে পারা দরকার। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষায় লিখতে ও কথাবার্তা বলতে পারলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। কোনো বাণি জ্যিক ব্যাঙ্ক বা, গ্রামীণ ব্যাঙ্কে অফিসার হিসাবে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

☞ এরপর ৪ পাতায়

## স্কুল সার্ভিসের ক্লার্ক, গ্রুপ 'ডি' পরীক্ষা ১ ও ৮ মার্চ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের সরকার পোষিত স্কুলে ক্লার্ক ও গ্রুপ-ডি পদে ৮,৪৭৭টি শূন্যপদের জন্য প্রায় ১৬ লাখের বেশি দরখাস্ত জমা পড়েছে। ওই দুই পদের লিখিত পরীক্ষা হবে ১ ও

☞ এরপর ৬ পাতায়

## ডাকবিভাগে ৩০ হাজার গ্রামীণ ডাকসেবক

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেল-সহ ভারতের বিভিন্ন সার্কেলে 'গ্রামীণ ডাক সেবক' পদে ৩০,০০০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

গ্রামীণ ডাক সেবকদের নিচে র ৩টি ক্যাটেগরিতে কাজ করতে হবে : ব্রাঞ্চ পোস্ট মাস্টার, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও ডাক সেবক।

**ব্রাঞ্চ পোস্ট মাস্টার (বি.পি.এম.) :** পোস্ট অফিস ও ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের যাবতীয় অফলাইন ও অনলাইন লেনদেন সংক্রান্ত কাজ করতে হবে। পোস্টাল পরিষেবা ও পণ্য, ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের পরিষেবা, কাস্টমার সার্ভিস সেন্টারের বিভিন্ন পরিষেবা দেওয়া, পোস্ট অফিসের অধীন গ্রাম বা, পঞ্চায়েত এলাকার ব্যবসার পরিমাণ বাড়ানো, বিভিন্ন জায়গায় মেলার আয়োজন করা, বাড়ি বাড়ি গিয়ে কথা বলা ও বিভিন্ন সরকারি প্রকল্পের জনপ্রিয়তা বাড়ানো। রেকর্ড দেখা, চিঠি পৌঁছে দেওয়ার ক্ষেত্রে যাবতীয় কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করা। সেইসঙ্গে অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও ডাক সেবকদের কাজের তদারকি করা ইত্যাদি।

**অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার (এ.বি.পি.এম.) :** পোস্টাল পরিষেবা যেমন, ডাকটিকিট, খাম ইত্যাদি বিক্রি করা। বাড়ি বাড়ি চিঠি ও পার্সেল পৌঁছে দেওয়া। ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের টাকা

☞ এরপর ৭ পাতায়


**ICE Academy**
WBCS Offline Batch
Start : 11 & 23 February
SSC CGL/CHSL 2026
Railway, Bank, WBPSC
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509



**Admission Open**
**Ph.D**
Top Indian University থেকে পাশ করুন
- University & Supervisor Short Listing
- Research Proposal & SOP Support
- Entrance Exam & Interview preparation
- Fellowship & Funding assistance

Master Degree Holders Non-NET Candidates also guided
The Admission Guidance
Bally, Howrah : 9038011392


## অস্ত্র তৈরির কারখানায় ৩,৯৭৯ অ্যাপ্রেন্টিস

### কোন অস্ত্র তৈরির কারখানায় ক'টি শূন্যপদ

**যোগ্যতা : মাধ্যমিক বা আই.টি.আই**
**দরখাস্ত করার শেষ তারিখ ৩ মার্চ**

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩২টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩,৯৭৯ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচেছ। এটি ৫৯তম ব্যাচের ট্রেনিং। প্রার্থী বাছাই করবে যন্ত্র ইন্ডিয়া লিমিটেড (YIL).

**শিক্ষাগত যোগ্যতা :** অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,২০০ টাকা। শূন্যপদ : ১,১৩৬টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে যে কোনো একটি ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ২,৮৪৩টি।

☞ এরপর ১২ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ১২২ টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা, চেন্নাই :** চেন্নাইয়ের হেভি ভেহিক্যালস ফ্যাক্টরি জুনিয়র টেকনিশিয়ান পদে ১২২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (অপারেটর মেটেরিয়াল হ্যান্ডলিং**

☞ এরপর ১১ পাতায়

### কলকাতার ২২টি কোম্পানিতে

## ৫,২২২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

### শুরুতেই মাইনে মাসে ১২ থেকে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ২২টির বেশি কোম্পানি সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে 'হিউম্যান রিসোর্স (HR) এক্সিকিউটিভ' পদে ৫,২২২ জন ছেলেমেয়ে নেবে। বিখ্যাত ভারতীয় সফটওয়্যার সংস্থা ইনফোসিস-এর চিফ

☞ এরপর ১০ পাতায়

## রেলে ২২ হাজার গ্রুপ 'ডি'

### কোন রেলে, ক'টি শূন্যপদ

**যোগ্যতা : মাধ্যমিক বা আই.টি.আই**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচি, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি), অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট ব্রিজ, অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল), অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে, অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি., অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন, অ্যাসিস্ট্যান্ট টি আর ডি, পয়েন্টসম্যান বি ও ট্রাকমেন্টেনার-IV পদে ২১,৯৯৭ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে কোনো

☞ এরপর ১১ পাতায়

## BSNLএ ১২০ এক্সি. ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারত সঞ্চার নিগম লিমিটেড 'সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (টেলিকম অ্যান্ড ফিনান্স)' পদে ১২০ জন লোক নিচ্ছে। কারা কোন

☞ এরপর ৬ পাতায়

## ২৬ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৬জন লোক নিচেছ।

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও এস অ্যান্ড

☞ এরপর ৫ পাতায়

### ৩য় ফেজ'এ শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর জেলার

## প্রাইমারির ইন্টারভিউ ৯-১৩ ফেব্রুয়ারি

### ৪র্থ ফেজ'এর ইন্টারভিউ হবে ১৫ ফেব্রুয়ারির পর

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** প্রাইমারি টিচার পদের তৃতীয় ফেজের ইন্টারভিউ শুরু হচ্ছে ৯ ফেব্রুয়ারি থেকে। তৃতীয় ফেজের ইন্টারভিউ শুরু হবে হাওড়া, উত্তর দিনাজপুর, শিলিগুড়ি জেলা দিয়ে। হাওড়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৯ ও ১০ ফেব্রুয়ারি। উত্তর দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১১ ফেব্রুয়ারি থেকে ১৩ ফেব্রুয়ারি। শিলিগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে :

☞ এরপর ১১ পাতায়

## জেলা স্বাস্থ্য দফতরে ৮১৪ স্বাস্থ্যকর্মী

**নিজস্ব সংবাদদাতা, বারাসাত :** উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের অধীন সি.এম.ও.এইচ-বারাসাত 'সি.এইচ.ও.-নার্সিং', 'কমিউনিটি হেলথ অফিসার', 'স্টাফ নার্স' পদে ৮১৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সি.এইচ.ও. (নার্সিং) :** জি.এন.এম./পোস্ট বেসিক বি.এসসি / বি.এসসি. নার্সিং কোর্স পাশরা যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। ২০২১ সালের আগে পাশ হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা।

☞ এরপর ২ পাতায়

## WBCS 'এ' ও 'বি' গ্রুপের ফল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. মেনস'এর গ্রুপ-এ ও গ্রুপ-বি পদের চূড়ান্ত ফল বেরোল। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in

গ্রুপ-এ পদে সফল হয়েছেন ১১৫ জন প্রার্থী ও গ্রুপ-বি পদে সফল হয়েছেন ১৬ জন প্রার্থী। গ্রুপ-এ পদে শূন্যপদ আছে ১১৫টি (জেনাঃ ৪৮, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৮, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ৬, প্রতিবন্ধী ৭)।

☞ এরপর ৩ পাতায়

## এ বছরই স্কিলড সেক্টরে দেড় লাখ চাকরি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** সময় বদলেছে। তাই সেই অনুযায়ী চাকরির ধরনও বদলেছে। আর স্বভাবতই এখন আর চাকরি পেতে গেলে শুধুমাত্র গতানুগতিক ডিগ্রি হলে চলবে না। হতে হবে 'মাল্টি পারপাস স্কিলড প্রফেশনালস'। তবেই ভালো পে-প্যাকেজ নিয়ে কেরিয়ার শুরু করতে পারবেন। সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Deloitte' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে 'গত ৩ মাসে (অক্টোবর - ডিসেম্বর, ২০২৫) দেশের প্রায় ৩,০২২টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৫২,০২৩ জন স্কিলড কর্মীর নিয়োগ হয়েছে —

☞ এরপর ৭ পাতায়


অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission
LL.B (3rs.) যে কোনো বয়সে

যোগ্যতা — যে কোনো University-র Graduate (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%

LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)

AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়

**ল' পয়েন্ট**

১৭; রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে



9830132343 / 9836922534 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

### কর্মখালি

Reinigen Techno India Group-এ 6 মাসের ট্রেনিং নিয়ে Income করুন 20K (P.M.)। ট্রেনিং চলাকালীন আয় 9K, বয়স : (18-26), যোগ্যতা : H.S. Pass, শূন্যপদ : 10, হাবড়া/নগর উখড়া -9800045661
MS

**প্যারামেডিক্যাল কোর্স**
DMLT (প্যাথোলজি)/DOT, DPT (ফিজিওথেরাপি), ECG, GDA (নার্সিং), Blood Collector (Phlebetomy) কোর্সে ভর্তি চলছে। প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। School of Medical Technology 24, G.C. Bose Rd., এন্টালি, কোল-14.
মৌলালী- 9231520480

### কর্মখালি

WBSEDCL –এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22300/- – 68,900/- H.R : 7872613162
SA(A)

আসানসোল, রানিগঞ্জে রেল, ব্যাঙ্ক, কোলিয়ারীতে স্থায়ী পদে নিয়োগ চলছে। যোগাযোগ M: 9332833022
SH

সারা ভারতের ব্র্যান্ডেড জুয়েলারি শোরুমে বিভিন্ন পদে ১ হাজার মহিলা স্টাফ ও টেলি কলার চাই। HO: হাওড়া। M: 6289186991, 7980682134
R

**2026-এ New Vacancy**
Airport-এ কন্ট্রাক্টরের অধীনে প্রচুর M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22,900/-–67,900/-, বয়স : 18–40, থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা। M : 8016337811
SA(A)

### কর্মখালি

**WBSEDCL-এ লোক চাই**
(কন্ট্রাক্টরের অধীনে) পঃবঃ প্রতি শহর/গ্রামের জন্য ST, SC-দের বিশেষ সুবিধা। বেতন : (23K–52K) OT,-সহ Ex- সার্ভিসম্যানদের বিশেষ সুবিধা। যোগ্যতা : ৮ম-উর্ধ্বে। J.A - 7431980226
SP

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক - স্নাতক, বেতন: 18,000/-–49,000/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 8101695382
SA(A)

**এয়ারপোর্ট জব**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী গ্রাউন্ডস্টাফ, চেকিং ডিপার্টমেন্ট, কার্গো ডিপার্টমেন্ট, টিকিট কাউন্টার-সহ বিভিন্ন স্থায়ী পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700/-–69,900/-). যোগাযোগ M : 7450930964
SA(A)

### কর্মখালি

**নিয়োগ বিজ্ঞপ্তি**
কলকাতা East–West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : MP, স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18,500 – 68,700), M : 8274998422
SA(A)

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 9475744819
SA

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 9163375496
SP

### কর্মখালি

**AXIS BANK (DSA)-তে**
প্রচুর M/F নিয়োগ। যোগাতা (SF-উর্ধ্বে), বেতন (22K–52K) + ইনসেনটিভ + TA, ST, SC-দের বিশেষ সুবিধা। বিশদ জানতে যোগাযোগ করুন : 9775765684
SP

**জরুরী বিজ্ঞপ্তি**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: HS –স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,500/-–68,900/-)। যোগাযোগ M : 7890531327
SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

### পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত

## মেডিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কোর্স করে চাকরির সুযোগ

স্কুল অফ মেডিক্যাল টেকনোলজিতে মেডিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ১ বছর কোর্সে ভর্তি শুরু হয়েছে। এই কোর্সটি পশ্চিমবঙ্গ স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার পশ্চিমবঙ্গ সরকার দ্বারা অনুমোদিত। এছাড়াও DMLT (প্যাথলজি, OT, DPT (ফিজিওথেরাপি)) কোর্সে ভর্তি চলছে।

**মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (MLA) কোর্স:** এই কোর্সটি হলো এমন একটি প্রশিক্ষণ যা শিক্ষার্থীদের ক্লিনিকাল ল্যাবরেটরিতে নমুনা (রক্ত, টিস্যু ইত্যাদি) সংগ্রহ, বিশ্লেষণ এবং পরীক্ষা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা শেখায়, যা রোগ নির্ণয় ও চিকিৎসায় সহায়তা করে, এটি একটি ডিপ্লোমা কোর্স এবং এর মাধ্যমে ল্যাবরেটরি টেকনিক, সরঞ্জাম ব্যবহার ও মেডিক্যাল টার্মিনোলজিতে প্রশিক্ষণ দেওয়া হয়, যাতে তারা টেকনোলজিস্টদের অধীনে কাজ করতে পারে।

**কোর্সটির মূল বিষয়বস্তু:** • **নমুনা ব্যবস্থাপনা:** রক্ত সংগ্রহ, নমুনা প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ।
• **পরীক্ষাগার কৌশল:** বিভিন্ন রাসায়নিক ও মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা। • **সরঞ্জাম পরিচালনা:** ল্যাবরেটরির যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ। • **বিশ্লেষণ:** পরীক্ষার ফলাফল বোঝা ও রিপোর্ট তৈরি করা।
• **মেডিক্যাল টার্মিনোলজি:** স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় শব্দভাণ্ডার শেখা।
**যোগ্যতা :** সায়েন্স শাখায় উচ্চ মাধ্যমিক পাস ছাত্রছাত্রীরা এই কোর্সটি করতে পারেন। **কাজের ক্ষেত্র:** হাসপাতাল ও ক্লিনিকের ল্যাবরেটরি, গবেষণা প্রতিষ্ঠান, ডায়াগনস্টিক সেন্টার ইত্যাদি। আজকের দিনেভারত সহ সমগ্র বিশ্বে সার্ভিস সেক্টরের মধ্যে সবথেকে বেশি নিয়োগের চাহিদা বাড়ছে হেলথ কেয়ার সেন্টারে। অনেক ছাত্রছাত্রী কোর্স করে বসে আছে কারণ তাদের মধ্যে ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা না থাকায় চাকরি পাচ্ছেন না। আপনাকে এমন এক প্রতিষ্ঠান থেকে নিজেকে প্রশিক্ষণ নিতে হবে যাঁরা হাতে কলমে আধুনিক টেকনোলজিতে আপনাকে ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী গড়ে তুলবে। এখানেরয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করে। স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি এমন একটি প্রতিষ্ঠান যাদের সাথে পশ্চিমবঙ্গের প্রথম সারির সকল হসপিটাল ও হেলথ কেয়ার সেক্টরের চুক্তি হয়েছে। **যোগাযোগ :** স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি, ২৪ গিরিশ চন্দ্র বোস রোড, এন্টালি, মৌলালী, কলকাতা-৭০০০১৪, মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ৯৮৭৪৭৬০০১২ ওয়েবসাইট : www.ssmtskill.com

## জেলা স্বাস্থ্য দফতরে ৮১৪

১ পাতার পর

শূন্যপদ : ১০৭টি (জেনাঃ ৪২, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৭, ই.ডব্লু.এস. ১১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, জেনাঃ প্রতিবন্ধী ৩, তঃজাঃ প্রতিবন্ধী ১)।

**কমিউনিটি হেলথ অফিসার (বি.এ.এম.এস.) :** বি.এ.এম.এস. কোর্স পাশরা যোগ্য। পশ্চিমবঙ্গ আয়ুর্বেদ পরিষদ থেকে প্রভিশনাল সার্টিফিকেট বা, রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (সি.এইচ.এ.) (আরবান) :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : **কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (সি.এইচ.এ.) (আরবান)** পদে ৬৬টি (জেনাঃ ২৩, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৭, ই.ডব্লু.এস. ৮, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, জেনাঃ প্রতিবন্ধী ২)।

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (আরবান) ৪০০টি (জেনাঃ ১৬০, তঃজাঃ ৮৪, তঃউঃজাঃ ২৪, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪০, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২৮, ই.ডব্লু.এস. ৪০, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৮, জেনাঃ প্রতিবন্ধী ১২, তঃজাঃ প্রতিবন্ধী ৪)।

**স্টাফ নার্স - পলিক্লিনিক, ইউ.এইচ.ডব্লু.সি ও ইউ.পি.এইচ.সি.:** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : **স্টাফ নার্স - পলিক্লিনিক :** ৫১টি (জেনাঃ ১৬, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৬, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৪, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রতিবন্ধী ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)।

**স্টাফ নার্স - ইউ.এইচ.ডব্লু.সি :** ৬৭টি (জেনাঃ ২১, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৯, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৩, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রতিবন্ধী ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)।

**স্টাফ নার্স - ইউ.পি.এইচ.সি. :** ১১৯টি (জেনাঃ ৪২, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৯, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৪, ই.ডব্লু.এস. ৭, তঃজাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রতিবন্ধী ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। এজন্য প্রার্থীর অ্যাকাডেমিক যোগ্যতা দেখা হবে। চাকরি হবে চুক্তিতে। সি.এইচ.ও. (নার্সিং) ও কমিউনিটি হেলথ অফিসার (বি.এ.এম.এস.) পদের বেলায় প্রার্থী বাছাই হবে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা ও ১৫ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। অন্যান্য পদের বেলায় প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in, www.north24parganashealth.org এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সি.এইচ.ও. (নার্সিং), কমিউনিটি হেলথ অফিসার (বি.এ.এম.এস.), স্টাফ নার্স-ইউ.পি.এইচ.সি., কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (আরবান) পদের বেলায় দরখাস্ত করার শেষ তারিখ ৯ ফেব্রুয়ারির মধ্যে।

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (সি.এইচ.এ.) আরবান, স্টাফ নার্স -পলিক্লিনিক, স্টাফ নার্স -ইউ.এইচ.ডব্লু.সি. পদের বেলায় দরখাস্ত করার শেষ তারিখ ৬ ফেব্রুয়ারির মধ্যে।

## রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা

কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং সি.ই.এন. ১/২০২৫'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ১৩ ফেব্রুয়ারি, ১৬ ফেব্রুয়ারি, ১৭ ফেব্রুয়ারি ও ১৮ ফেব্রুয়ারি। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট লিঙ্ক থেকে।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান
প্রতিটি মাত্র ৩০০/-টাকা

## ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D. করার সুযোগ এখন হাতের মুঠোয়

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করার সুযোগ এখন হাতের মুঠোয়। মাস্টার ডিগ্রি হোল্ডার্স Non-NET প্রার্থীদেরও গাইড করা হবে। ফ্রেশার বা, কর্মরত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। লিমিটেড সীট আছে। আমাদের বিশেষত্ব : (১) ইউনির্ভাসিটি অ্যান্ড সুপারভাইজর শর্টলিস্টিং, (২) রিসার্চ প্রোপোজাল ও SOP সাপোর্ট, (৩) এন্ট্রান্স এক্সাম ও ইন্টারভিউ প্রিপারেশন, (৪) ফেলোশিপ ও ফান্ডিং অ্যাসিস্ট্যান্ট, (৫) স্ট্রং রিসার্চ ইন্টারেস্ট। আগ্রহী প্রার্থীরা এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : অ্যাডমিশন গাইডেন্স, বালি, হাওড়া। ফোন : 9038011392.

## WBCS'এ' ও 'বি' গ্রুপের

১ পাতার পর

গ্রুপ-এ'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ১,১১৫.১৭, ই.ডব্লু.এস. ১,০০১.৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১,০৯৫.৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১,০৯০.২৫, তপশিলী জাতি ১,০০৭, তপশিলী উপজাতি ৯৪৫.৫, প্রতিবন্ধী-এ ১,০০৩.২৫, প্রতিবন্ধী -বি -৮৯৯, প্রতিবন্ধী -সি ৮৬১.৫, প্রতিবন্ধী -ডি ৬৫২.৮৩। গ্রুপ-বি পদে শূন্যপদ আছে ১৮টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)। গ্রুপ-বি'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ১,১৪২.৭৫, ই.ডব্লু.এস. ১,০৮৩.২৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১,১১৮.৭৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১,১৬১, তপশিলী জাতি ১,০৪২, তপশিলী উপজাতি ১,০০৬.২৫।

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত রোজগারমুখী পেশাদার কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি :** ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত এক গুচ্ছ রোজগারমুখী পেশাদার, বৃত্তিমূলক ও ম্যানেজমেন্ট কোর্সে নতুন সেশনে ভরতি নিচ্ছে। তার মধ্যে রয়েছে : (১) টেলারিং ড্রেস ডিজাইনিং, (২) প্রি প্রাইমারি টিচার্স মন্তেস্বরি, (৩) যোগা নেচারোপ্যাথি, (৪) বিউটিশিয়ান, (৫) হেলথকেয়ার হসপিটাল ম্যানেজমেন্ট, (৬) বিজনেস ইন্ড্রাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট, (৭) মডার্ণ অফিস ম্যানেজমেন্ট, (৮) ফিটনেস স্পোর্টস ম্যানেজমেন্ট, (৯) ফায়ার সেফটি ডিজাস্টার ম্যানেজমেন্ট। পড়ানো হবে ডিপ্লোমা/অ্যাডভান্সড ডিপ্লোমা (পিজি)/ ডি'ভোক। সেই অনুসারে শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক/ গ্র্যাজুয়েট / মাধ্যমিক পাশ। প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির অধিকর্তা অধ্যাপক প্রবীর কুমার দে জানান, "শিক্ষার্থীদের প্রফেশনাল/ ম্যানেজমেন্ট স্কিল বাড়াতে এইসব রোজগারমুখী কর্মশিক্ষা কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। প্রতিটি কোর্সে থিওরির পাশাপাশি প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয়। কোর্স শেষে সরকারি ও বেসরকারি সংস্থায় চাকরির যেমন সুযোগ আছে তেমনি আছে স্বনির্ভরতার ভালো সুযোগ। সব ক্ষেত্রে পথ দেখিয়ে সাহায্য করা হয়। এখন থেকে কোর্স করে কয়েক হাজার ছাত্রছাত্রী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করছে আবার অনেকে স্বনির্ভরতার পথ বেছে নিয়েছেন।" সব কোর্স পড়ানো হয় এইসব অনুমোদিত সেন্টারে : কলকাতা, ডায়মন্ডহারবার/ গড়িয়া, বারাসাত-হৃদয়পুর, মালদহ, বর্ধমান, ফারাক্কা, খাতরা-বাঁকুড়া, রায়গঞ্জ, পুরুলিয়া। ভর্তির জন্য যোগাযোগ : 9331256934 / 9477846520 / 9477846582.
visit: www.pimtonline.in/youtube/facebook

**ENVIRONMENTAL ANALYST (FULL TIME COURSE)**
**Certified by Technical Education Department, Govt of WB *at Sea Explorers' Institute, Kolkata***
Eligibility : Graduate with Chemistry in (10+2); Duration : 6 months
100% placement in the last 30 years. Commencing in February 2026 . Batch no. 50 **Hurry! Seats Limited.**
Another course on **Pollution Management** (part time) for all professionals and graduates begins in March, 2026
**Sea Explorers' Institute**, Outram Ghat, Kolkata- 21.
Ph: 9836530290; 9073848158; 8777018869 | Website : www.seiindia.org

## ওষুধের ওপর নজরদারির লক্ষ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার ও মণিপাল হসপিটালের যৌথ উদ্যোগে নতুন কর্মমুখী কোর্স

# ফার্মাকোভিজিলেন্স ইন ক্লিনিক্যাল রিসার্চ

বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা গতানুগতিকতার বাইরে বেরিয়ে অন্য ধরনের উজ্জ্বল কেরিয়ার গড়তে চাইলে ফার্মাকোভিজিলেন্সকে পেশা হিসাবে নিতে পারেন। জনস্বাস্থ্য সম্পর্কে সচেতনতার হার ভারতে ভালো নয়। ফলে, ওষুধের অব্যবহারজনিত কারণে নানা সময়ে অকারণ প্রাণহানি ও স্বাস্থ্যের অবনতির ঘটনা শোনা যায়। দরকারের অতিরিক্ত ওষুধ ব্যবহারের দায় ক্রেতার ওপর বর্তালেও পরিবেশক বা বিক্রেতার ওপরেও কিন্তু সমান দায় বর্তায়। তাই সরকারি ও বেসরকারি উদ্যোগে ওষুধের গুণমান ও সঠিক ব্যবহারের উদ্দেশ্যে জনসচেতনতা বাড়ানোর উদ্যোগ নেওয়া দরকার। ফার্মাকোভিজিলেন্স আসলে সেই বিষয়েরই একটা অংশ মাত্র, যা শুধু ভারতে নয়, বিদেশেও গুরুত্বপূর্ণ পেশা হিসাবে আজ জনপ্রিয়।

ফার্মাকোভিজিলেন্সের মাধ্যমে ওষুধ চিহ্নিতকরণ, তার মান বিচার ও পরিমাণ সম্পর্কে খেয়াল রাখা ও তার উন্নতির চেষ্টা করা হয়। এককথায় এই পেশার প্রধান কাজ বাজার চলতি ওষুধের ওপর নজরদারি। রোগের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে ওষুধের চাহিদা বাড়ছে। বাজারে যেসব ওষুধ আছে, সেইসব ওষুধের গুণমান রক্ষার জন্য ফার্মাকোভিজিলেন্সে প্রশিক্ষিতদের একান্ত দরকার। কেন্দ্রীয় সরকারের এক সমীক্ষা অনুসারে, ভবিষ্যতে সারা দেশের ওষুধ শিল্পে অন্তত পক্ষে ৫০,০০০ ফার্মাকোভিজিলেন্সের পেশাদার দরকার হবে। অথচ চাহিদার তুলনায় যোগ্য প্রশিক্ষকের এখন যথেষ্ট অভাব।

এই ক্ষেত্রে যোগ্য পেশাদার তৈরির জন্য 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এর ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার ও মণিপাল হসপিটালের (আগে ছিল আমরি হসপিটাল) যৌথ উদ্যোগে পড়ানো হচ্ছে 'ফার্মাকোভিজিলেন্স ইন ক্লিনিক্যাল রিসার্চ' বিষয়ের কর্মমুখী কোর্স। পূর্ব ভারতে একমাত্র এখানেই প্রথম এই ধরনের কোর্স পড়ানো হয়।

**কারা পড়তে পারেন :** বায়ো সায়েন্সের যেকোনো শাখার গ্র্যাজুয়েট বা, ফার্মাসি বা, মেডিক্যাল (এম.ডি, এম.বি.বি.এস, বি.ডি.এস, বি.এইচ.এম.এস) বা, নার্সিংয়ের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। এছাড়া বি. ফার্ম'এর ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও যোগ্য। এমনকি প্যারামেডিক্যাল কোর্সের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরাও ভরতির জন্য যোগ্য।

**প্রশিক্ষণের মেয়াদ :** মোট ৯ মাসের সার্টিফিকেট কোর্স। এর মধ্যে ৩ মাসের প্র্যাক্টিক্যাল ক্লাস হয়। ওষুধ শিল্পে নজরদারির জন্য একেবারে প্রাথমিক স্তরের ফার্মাকোভিজিলেন্স বিষয় থেকে শুরু করে ক্লিনিক্যাল রিসার্চ কীভাবে কাজে লাগানো যায়, সে ব্যাপারে শিক্ষা দেওয়া হয়। কেমন করে কোনো ফার্মাকোভিজিলেন্স সেন্টার তৈরি করে কাজ শুরু করা যায়, ফার্মাকোভিজিলেন্স বিষয়ের তথ্য বিশ্লেষণের পদ্ধতি কেমন বা, এই বিষয়ের রিস্ক ম্যানেজমেন্ট বা, ফার্মাকোপিডেমোলজি সবটাই এই কোর্সের অন্তর্গত। এছাড়াও এই কোর্সের অন্তর্ভুক্ত বিষয়ের মধ্যে আছে সি.আর.ও অপারেশন, ক্লিনিক্যাল ট্রায়াল, মেডিক্যাল রাইটিং, ডাটা ম্যানেজমেন্ট, সেফটি রিপোর্টিং, ড্রাগ ডিসকভারি, গুড ক্লিনিক্যাল প্র্যাক্টিস গাইডেন্স। ক্লাস হয় সপ্তাহে ১ দিন। শনিবার বেলা ১টা থেকে ৫টা পর্যন্ত। সীট : ২৫টি।

**কাজের সুযোগ :** পড়ার জন্য পড়ানো নয়, কোর্স শেষে সফল প্রার্থীদের কর্মসংস্থানেও সাহায্য করা হয়। ১৩ বছর ধরে ক্লিনিক্যাল রিসার্চ কাজের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র হয়ে উঠেছে। ওষুধ শিল্পের প্রসার, উন্নয়ন ও ক্লিনিক্যাল ট্রায়ালের ক্ষেত্রে এই পেশাদারদের ভূমিকা দিন-দিন বাড়ছে। কোর্স শেষে চাকরির সুযোগ আছে এইসব ক্ষেত্রে : ফার্মাসিউটিক্যাল সংস্থা, ক্লিনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন, হাসপাতাল, রিসার্চ ল্যাবরেটরি, বিজনেস প্রসেস অর্গানাইজেশন সংস্থা ও নিয়ামক সংস্থা। এই কোর্সে ভরতির জন্য দরখাস্ত করতে হবে নির্ধারিত ফর্মে। হাতে-হাতে ফর্ম পাবেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার থেকে। ভরতির শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি। কোর্স শেষে সফলদের চাকরিতে সহায়তা করা হয়। যোগাযোগ : যাদবপুর বিশ্ববিদ্যালয়, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়ো-ইক্যুইভ্যালেন্স সেন্টার বিল্ডিংয়ের চারতলায় (নজরুল ভবনের উল্টোদিকে), কলকাতা-৩২। ফোন : ৯০৮ ৮ ৪০১৩৫৪।

# আগামী ৬ মাসে ৫৬,৭০০ এআই (AI) দক্ষ কর্মীর প্রয়োজন: সাধারণ ডিগ্রির দিন শেষ, ভবিষ্যৎ গড়তে ভরসা এখন 'স্কিল বেসড' শিক্ষা ও B.Voc



ইনোটেক এডুহাবের চেয়ারম্যান ও টেকনো গ্লোবের ডিরেক্টর শ্রী বিশ্বনাথ মন্ডল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** চতুর্থ শিল্প বিপ্লব বা 'ইন্ডাস্ট্রি ৪.০'-এর দোরগোড়ায় দাঁড়িয়ে আমূল বদলে যাচ্ছে ভারতের কর্মসংস্থানের মানচিত্র। গতানুগতিক ডিগ্রি বা শুধুমাত্র পুঁথিগত বিদ্যা এখন আর নিশ্চিত চাকরির চাবিকাঠি নয়। সাম্প্রতিক বাজার সমীক্ষা ও বিভিন্ন কর্পোরেট রিপোর্ট বলছে, আগামী মাত্র ৬ মাসের মধ্যে ভারতের আইটি এবং নন-আইটি সেক্টরে প্রায় ৫৬,৭০০ জন এআই (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তায় দক্ষ কর্মীর প্রয়োজন হতে চলেছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই বিশাল চাহিদার তুলনায় দক্ষ কর্মীর জোগান অত্যন্ত নগণ্য। এই সংকট ও অপার সম্ভাবনার বিষয়ে আলোকপাত করলেন ইনোটেক এডুহাবের (Innotech Eduhub) মাননীয় চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এবং টেকনো গ্লোবের (Techno Globe) ডিরেক্টর, বিশিষ্ট শিক্ষাবিদ শ্রী বিশ্বনাথ মন্ডল। তিনি স্পষ্টভাবে জানান, আমরা এমন এক যুগে প্রবেশ করেছি যেখানে 'সার্টিফিকেট'-এর চেয়ে 'স্কিল' বা দক্ষতার কদর অনেক বেশি। আগামী দিনগুলোতে ডেটা অ্যানালিটিক্স, ডেটা সায়েন্স, ডিজিটাল মার্কেটিং এবং সাইবার সিকিউরিটিতে যারা দক্ষ হবে, তারাই রাজত্ব করবে চাকরির বাজারে। প্রতিটি কোম্পানি এখন অটোমেশন এবং ডেটা-নির্ভর সিদ্ধান্তের দিকে ঝুঁকছে। তিনি চারটি প্রধান ক্ষেত্রের কথা উল্লেখ করেন যেখানে কর্মসংস্থানের জোয়ার আসছে:

**১. ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স:** বর্তমান বিশ্বে তথ্যই হলো নতুন সম্পদ। অগোছালো তথ্যকে বিশ্লেষণ করে ব্যবসার উন্নতি করার জন্য ডেটা সায়েন্টিস্টদের চাহিদা আকাশছোঁয়া। **২. ডিজিটাল মার্কেটিং:** পুরোনো মার্কেটিং পদ্ধতি এখন অচল। এআই টুলস ব্যবহার করে সঠিক ক্রেতার কাছে পৌঁছাতে কোম্পানিগুলো এখন দক্ষ ডিজিটাল মার্কেটার খুঁজছে। **৩. হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং (সাইবার সিকিউরিটি):** যত বেশি কাজ অনলাইনে হচ্ছে, তত বাড়ছে তথ্যের চুরির ঝুঁকি। হ্যাকারদের হাত থেকে সার্ভার বাঁচাতে সাইবার সিকিউরিটি এখন অপরিহার্য।

**B.Voc ডিগ্রি:** সাধারণ গ্র্যাজুয়েশনের সাথে পার্থক্য ও গুরুত্ব শ্রী বিশ্বনাথ মন্ডল বর্তমান ছাত্রছাত্রীদের আর অভিভাবকদের একটি ভ্রান্ত ধারণা ভাঙতে চান। অনেকেই মনে করেন, গতানুগতিক বি.এ (B.A), বি.এসসি (B.Sc) বা বি.কম (B.Com) পাস করলেই চাকরি পাওয়া যাবে। কিন্তু বাস্তবতা ভিন্ন। তিনি 'B.Voc' (ব্যাচেলর অফ ভোকেশন) ডিগ্রির গুরুত্ব তুলে ধরেন।

**সাধারণ গ্র্যাজুয়েশন বনাম B.Voc: পার্থক্য কোথায়?**

• **তাত্ত্বিক বনাম ব্যবহারিক:** সাধারণ গ্র্যাজুয়েশনে প্রায় ৮০-৯০% পড়াশোনা হয় থিওরি বা তাত্ত্বিক, যার সাথে বাস্তব কাজের মিল কম। অন্যদিকে, B.Voc কোর্সে ৬০-৭০% ই থাকে প্র্যাকটিক্যাল বা হাতে-কলমে শিক্ষা। • **কর্মসংস্থান:** সাধারণ ডিগ্রি শেষ করার পর ছাত্রছাত্রীদের নতুন করে কাজ শিখতে হয় বা ট্রেনিং নিতে হয়। কিন্তু B.Voc হলো 'ওয়ার্ক ইন্টিগ্রেটেড' ডিগ্রি, অর্থাৎ পড়াশোনা শেষ করার আগেই একজন ছাত্র ইন্ডাস্ট্রিতে কাজ করার জন্য প্রস্তুত হয়ে যায়। • **স্বীকৃতি:** B.Voc একটি ইউজিসি (UGC) স্বীকৃত পূর্ণাঙ্গ ডিগ্রি, যা সরকারি ও বেসরকারি সব চাকরির ক্ষেত্রেই সাধারণ গ্র্যাজুয়েশনের সমতুল্য মান্যতা পায়, কিন্তু এর সাথে থাকে অতিরিক্ত কারিগরি দক্ষতা। শ্রী মণ্ডল বলেন, আজকের দিনে একজন ইতিহাস বা রাষ্ট্রবিজ্ঞানে গ্র্যাজুয়েটের চেয়ে একজন ডেটা সায়েন্স বা সফটওয়্যার ডেভেলপমেন্টে B.Voc ডিগ্রিধারীর চাকরির সুযোগ ও বেতন-উভয়ই অনেক বেশি।

**ক্যারিয়ার গড়তে কেন ইনোটেক এডুহাব (Innotech Eduhub)-ই সেরা?**

শ্রী বিশ্বনাথ মণ্ডল জানান, ইনোটেক এডুহাবে আমরা শুধু কোর্স করাই না, আমরা কেরিয়ার তৈরি করি (We build careers)। আমাদের ইকোসিস্টেম এমনভাবে তৈরি যাতে একজন সাধারণ ছাত্রও একজন দক্ষ প্রফেশনালে পরিণত হতে পারে। তিনি ইনোটেক এডুহাবকে বেছে নেওয়ার ১১টি প্রধান কারণ বিস্তারিতভাবে তুলে ধরেন:

**১. বাংলার প্রথম সম্পূর্ণ কাস্টমাইজড লার্নিং মডেল :** পশ্চিমবঙ্গে আমরাই প্রথম যারা ছাত্রছাত্রীদের জন্য 'কাস্টমাইজড' বা ব্যক্তিগত চাহিদানুযায়ী কোর্স অফার করছি। আমরা প্রথমে ছাত্রের একাডেমিক ব্যাকগ্রাউন্ড এবং ক্যারিয়ারের লক্ষ্য বুঝি, তারপর তার জন্য সঠিক কোর্স ডিজাইন করি। **২. গ্লোবাল এবং ইউজিসি (UGC) স্বীকৃত ইউনিভার্সিটি সার্টিফিকেট :** আমাদের প্রতিটি কোর্সের সাথে থাকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং ইউজিসি অনুমোদিত ইউনিভার্সিটির সার্টিফিকেট। ফলে আমাদের ছাত্রছাত্রীদের ডিগ্রির গ্রহণযোগ্যতা জাতীয় এবং আন্তর্জাতিক-উভয় স্তরেই প্রশ্নাতীত। **৩. ১০০% হাতে-কলমে শিক্ষা ও লাইভ প্রজেক্ট :** আমরা দিচ্ছি ১০০% প্র্যাকটিক্যাল ট্রেনিং। আমাদের কারিকুলামে রয়েছে 'লাইভ প্রজেক্ট', সিমুলেশন এবং প্র্যাকটিক্যাল অ্যাসাইনমেন্ট, যা বর্তমান ইন্ডাস্ট্রির কাজের সাথে হুবহু মিলে যায়। **৪. উন্নত এআই (AI) বেসড এসি স্মার্ট ল্যাব :** আমাদের ক্যাম্পাসে রয়েছে সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত (AC) স্মার্ট ল্যাব, যা আধুনিক এআই (AI) প্রযুক্তিতে সজ্জিত। এখানে হাই-পারফরম্যান্স সিস্টেম ও আধুনিক সফটওয়্যার ব্যবহার করে ছাত্ররা শিখতে পারে। **৫. হাই-এন্ড টেকনোলজি এডুকেশন :** 'ইন্ডাস্ট্রি ৪.০'-এর কথা মাথায় রেখে আমাদের সিলেবাস তৈরি করেছি। এআই, মেশিন লার্নিং, ক্লাউড কম্পিউটিং-এর মতো আধুনিক প্রযুক্তিগুলো আমাদের কোর্সের অন্তর্ভুক্ত। **৬. ইন্ডাস্ট্রি-এক্সপেরিয়েন্সড ট্রেইনার :** আমাদের শিক্ষকরা কেউ শুধুমাত্র বই-পড়া শিক্ষক নন। তাঁরা প্রত্যেকেই বিভিন্ন বড় ইন্ডাস্ট্রিতে কাজ করা অভিজ্ঞ প্রফেশনাল। ফলে তাঁরা ক্লাসরুমে সরাসরি 'অন-দ্য- জব' (On-the-job) অভিজ্ঞতা শেয়ার করতে পারেন।

**৭. প্রতিটি ক্যারিয়ার কোর্সে বাধ্যতামূলক ইন্টার্নশিপ :** চাকরি পাওয়ার আগে কাজের অভিজ্ঞতা থাকা খুব জরুরি। তাই আমাদের প্রতিটি ক্যারিয়ার-ওরিয়েন্টেড কোর্সের সাথে ইন্টার্নশিপ বাধ্যতামূলক। এটি ছাত্রদের পেশাদার আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করে।

**৮. ২৫০টিরও বেশি কেরিয়ার-ফোকাসড কোর্স :** আমাদের ঝুলিতে রয়েছে ২৫০টিরও বেশি বিষয়ভিত্তিক কোর্স। আইটি ও এআই, ডিজিটাল ও ডেটা, ম্যানেজমেন্ট ও ইআরপি (ERP), ভোকেশনাল স্কিল ডেভেলপমেন্ট থেকে শুরু করে সরকারি ও কর্পোরেট প্রজেক্ট-ছাত্ররা তাদের পছন্দমতো বিষয় বেছে নিতে পারে। **৯. প্রফেশনাল ডাক্তার দ্বারা বিশেষ কাউন্সেলিং :** আমরা শুধু কেরিয়ার নয়, ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্যের দিকেও নজর দিই। প্রতি ত্রৈমাসিকে (Quarterly) প্রফেশনাল ডাক্তারদের দিয়ে ছাত্রদের মানসিক ও ইমোশনাল কাউন্সেলিং করানো হয়। চাপের মুখে কীভাবে সুস্থ থাকা যায়, তা শেখানো হয় এখানে। **১০. হাই-ব্রিড (Hybrid) লার্নিং অপশন :** অনেকেই আছেন যারা চাকরিরত বা দূরে থাকেন। তাদের জন্য রয়েছে আমাদের ফ্লেক্সিবল অনলাইন + অফলাইন (হাইব্রিড) লার্নিং মডেল। ফলে দূর থেকেও আন্তর্জাতিক মানের শিক্ষা গ্রহণ করা সম্ভব। **১১. লাইফটাইম প্লেসমেন্ট সাপোর্ট :** কোর্স শেষ মানেই সম্পর্ক শেষ নয়। আমরা প্রদান করি লাইফটাইম প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। অর্থাৎ, ক্যারিয়ারের শুরুতে চাকরি পাওয়া থেকে শুরু করে পরবর্তীতে বেটার অপরচুনিটির জন্য গাইডেন্স, সিভি বিল্ডিং ও ইন্টারভিউ প্রিপারেশন-সবসময় ইনোটেক এডুহাব ছাত্রদের পাশে থাকে।

**যোগাযোগ এবং ভর্তির তথ্য :** যারা নিজেদের ক্যারিয়ার নিয়ে সিরিয়াস এবং আগামী দিনের আইটি জগতে নিজেদের প্রতিষ্ঠিত করতে চান, তারা সরাসরি যোগাযোগ করুন নিচের ঠিকানায় — ঠিকানা: ৪৯/১, গড়িয়া স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০৮৪ (৪৯ নম্বর বাস স্ট্যান্ড এবং গড়িয়া স্টেশনের অতি নিকটে), হেল্পলাইন: ৯৮৩১৯০৯৮৯৮, ৯৩৩০৫৬৪৩৮৭। **নদীয়া জেলার ছাত্রছাত্রীদের সুবিধার্থে** আমাদের নতুন ব্রাঞ্চ : পাল মেশিনারি এন্টারপ্রাইজ, চৌরাস্তা, চাকদা, নদীয়া, ইলেক্ট্রিক সাপ্লাই অফিসের বিপরীতে। হেল্প লাইন : ৯৮৩১৯০৯৮৯৮

# WBCS পরীক্ষার প্রস্তুতিতে কারেন্ট অ্যাফেয়ার্স এর গুরুত্ব

*খুব শিগগিরই WBCS পরীক্ষার (২০২৪ সালের) প্রিলিমিনারি'র তারিখ ঘোষণা করা হবে। হাতে সময় খুব কম। এতো অল্প সময়ের প্রস্তুতিতে সবচেয়ে ভোগাবে 'জি.কে ও কারেন্ট অ্যাফেয়ার্স' পেপার। কারণ এর কোনো তথাকথিত সিলেবাস হয় না। আবার এই পরীক্ষার ক্ষেত্রে 'কারেন্ট অ্যাফেয়ার্স' অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এটি প্রিলিমস থেকে মেইনস ও ইন্টারভিউ পর্যন্ত সব ধাপে প্রভাব ফেলে। এটি প্রার্থীদের সমসাময়িক সচেতনতা ও বিশ্লেষণাত্মক চিন্তাভাবনা যাচাই করে। কীভাবে প্রস্তুতি নিলে এই পেপারে ভালো স্কোর করতে পারবেন, তা নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

WBCS প্রিলিমসে জেনারেল স্টাডিজ পেপারে কারেন্ট অ্যাফেয়ার্স একটি মূল অংশ, যেখানে জাতীয়-আন্তর্জাতিক ঘটনা, পশ্চিমবঙ্গ-সম্পর্কিত খবর ও সাম্প্রতিক ঘটনাবলী থেকে প্রশ্ন আসে। এছাড়াও অর্থনীতি, ভূগোল, বিজ্ঞান ও সংবিধানের বেশ কিছু প্রশ্ন হয় এই সব বিষয়ের বর্তমান ঘটনাকে কেন্দ্র করে। অর্থাৎ প্রায় ২৫-৩০ মার্কসের প্রশ্ন কারেন্ট অ্যাফেয়ার্স থেকে হয়, যা সামগ্রিক ২০০ মার্কসের ১৫%। মেইনসে জেনারেল স্টাডিজ পেপারে বিশ্লেষণাত্মক প্রশ্ন আসে, যেমন সরকারি স্কিম, অর্থনৈতিক নীতি বা পরিবেশ-সম্পর্কিত ইস্যু। কারেন্ট অ্যাফেয়ার্স স্ট্যাটিক সিলেবাসের সঙ্গে যুক্ত হয়ে বিভিন্ন প্রশ্ন তৈরি করে।

প্রিলিমসে কারেন্ট অ্যাফেয়ার্স MCQ-এর মাধ্যমে পরীক্ষা করা হয়, যেখানে শেষ ১০-১২ মাসের খবর গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ, ২০২৩ সালের পরীক্ষায় কারেন্ট অ্যাফেয়ার্স মডারেট-ডিফিকাল্ট ছিল ও ৩৩টি প্রশ্ন এসেছিল। এটি কাট-অফ নির্ধারণে সিদ্ধান্তকারী, কারণ নেগেটিভ মার্কিং-এর ফাঁদে না পড়ে, সঠিক উত্তরই সাফল্য এনে দেয়। পশ্চিমবঙ্গের স্থানীয় ঘটনা, যেমন রাজ্য স্কিম বা নির্বাচন, বাজেট, খেলা বিশেষ গুরুত্বপূর্ণ।

মেইনসে কারেন্ট অ্যাফেয়ার্স বিশ্লেষণের জন্য ব্যবহৃত হয়, যেমন : ডেসক্রিপটিভ বাংলা বা ইংরিজিতে চিঠি, রিপোর্ট বর্তমান বিভিন্ন ঘটনার ওপর ভিত্তি করে হয়। কারেন্ট অ্যাফেয়ার্স অর্থনীতি, Polity বা পরিবেশের সঙ্গে যুক্ত হয়ে বেশি স্কোর করতে সাহায্য করে। ইন্টারভিউতে সমসাময়িক ইস্যু নিয়ে আলোচনা করে প্রার্থীর ব্যক্তিত্ব যাচাই করা হয়। উদাহরণ: সাম্প্রতিক RBI নীতি বা কেন্দ্র-রাজ্য সম্পর্কের প্রশ্ন, জাতীয় বা আন্তর্জাতিক ঘটনা।

প্রস্তুতির কৌশল : প্রতিদিন সংবাদপত্র পড়ুন ও টপিক-ভিত্তিক নোট তৈরি করুন। Polity, Economy, Environment ইত্যাদি। মাসিক ম্যাগাজিন (Yojana, Pratiyogita Darpan) পড়ুন আর MCQ প্র্যাকটিস করুন। পশ্চিমবঙ্গ-কেন্দ্রিক খবরের জন্য স্থানীয় পত্রিকা অনুসরণ করুন। শেষ মুহূর্তে কভার করবেন না, নিয়মিত রিভিশন করুন।

একটা ইয়ার বুক সংগ্রহে রাখুন। কারেন্ট অ্যাফেয়ার্স জ্ঞান ও আত্মবিশ্বাস বাড়ায়, আর স্ট্যাটিক টপিকের সঙ্গে লিঙ্ক করে সামগ্রিক বোঝাপড়া গভীর করে। এটি সাফল্যের সম্ভাবনা বাড়ায় ও অন্যান্য পরীক্ষায়ও কাজে লাগে। নিয়মিত প্র্যাকটিসে শেষ মুহূর্তের বোঝা কমে আর পরীক্ষার চাপ কমে। কারেন্ট অ্যাফেয়ার্স WBCS-এর সাফল্যের চাবিকাঠি, যা নিয়মিত অনুসরণ করলে সকল ধাপে সুবিধা দেয়।

আগের বছরের প্রশ্নপত্র এমন ভাবে ডাউনলোড করুন, যাতে কারেন্ট অ্যাফেয়ার্স সেকশন আলাদা থাকে। এতে কারেন্ট অ্যাফেয়ার্স এর ধরণ সম্পর্কে ধারণা হবে। কুইজের জন্য বিভিন্ন ওয়েবসাইট ব্যবহার করুন, যা টপিক-ওয়াইজ MCQ দেয় (যেমন অ্যাওয়ার্ডস, স্পোর্টস, সায়েন্স)। অ্যাপ নির্ভর WBCS-এর ফ্রি মক টেস্ট নিন।

প্রতিদিনের রুটিন : প্রতিদিন ৫০-১০০ MCQ প্রাকটিস করুন। সকালে ৩০ মিনিট কুইজ (GKToday-এর ডেইলি কুইজ)। সপ্তাহে ৩ দিন ফুল মক টেস্ট দিন (১০০ প্রশ্ন, ৬০ মিনিট)। সংবাদপত্রের খবর থেকে নিজে MCQ তৈরি করুন। অ্যানালাইসিস পদ্ধতিতে ভুল উত্তর বিশ্লেষণ করুন। কেন ভুল হল, সঠিক তথ্য নোট করুন ও রিভাইজ করুন। অ্যাকিউরেসি লক্ষ্য করুন, টাইমিং ট্র্যাক করুন। সপ্তাহের শেষে ভুল প্রশ্নগুলির রিপিট প্র্যাকটিস করুন ও পারফরম্যান্স চার্ট তৈরি করুন। পশ্চিমবঙ্গ-কেন্দ্রিক খবর ফোকাস করুন (যেমন রাজ্য স্কিম, বাজেট)। মাসিক কম্পাইলেশন (Yojana, মাসিক ম্যাগাজিন) থেকে প্র্যাকটিস করুন। গ্রুপ স্টাডিতে বন্ধুরা মিলে কুইজ খেলুন।

কারেন্ট অ্যাফেয়ার্সের জন্য প্রস্তুতি নেওয়া একটি বিস্তৃত কাজ, এমনকি পরীক্ষার প্রস্তুতি শুরু করার সময় থেকেই আপনার কারেন্ট অ্যাফেয়ার্স পড়াশোনা শুরু করা উচিত। আদর্শভাবে, কারেন্ট অ্যাফেয়ার্স বিভাগ দিয়ে প্রস্তুতি শুরু করার জন্য আপনার ১০-১২ মাস সময় বিবেচনা করা উচিত। কারেন্ট অ্যাফেয়ার্স একটি বিশাল বিষয়, আর পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য আপনার এই বিষয়ের ওপর একটি সামগ্রিক প্রস্তুতি থাকা প্রয়োজন। যত তাড়াতাড়ি আপনি শুরু করবেন, কারেন্ট অ্যাফেয়ার্সের জন্য তত ভালো প্রস্তুতি নিতে পারবেন।

পরীক্ষার প্রস্তুতির সময়, কার্যকর নোট তৈরি করতে ভুলবেন না। পরীক্ষার আগে শেষ মুহূর্তের পুনর্বিবেচনার সময় এই হাতে লেখা নোটগুলি একটি দুর্দান্ত সম্পদ হিসাবে কাজ করবে। তাছাড়া, পরীক্ষার আগে প্রতিটি বিষয় একেবারে শুরু থেকে পড়ার পরিবর্তে আপনি এই নোট থেকে প্রতিটি বিষয় কভার করতে পারবেন।

ডব্লু.বি.সি.এস-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## চাকরির পরীক্ষার ফল

### ইউ.জি.সি.'র নেট পরীক্ষার ফল বেরোল

ইউ.জি.সি.'র সি.এস.আই.আর. (নেট-ডিসেম্বর-২০২৫)'এর কম্পিউটার বেসড টেস্ট-এর ফল বেরিয়েছে। পরীক্ষা নিয়েছিল ন্যাশনাল টেস্টিং এজেন্সি। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://csirnet.nta.nic.in

### আই.বি.পি.এস.'এর ফল বেরোল

আই.বি.পি.এস.'এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I, স্কেল-II, স্কেল-III পদের মেনস পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://www.ibps.in

### বিমা কোম্পানির ফল বেরোল

ওরিয়েন্টাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট পদের ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://orientalinsurance.org.in

# প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

**পল্লবী দেওয়ান, সল্টলেক:** রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। যেমন, এখানকার ছাত্র **প্রণব ঘোষের** কথাই ধরা যাক। সাধারণ কমার্স গ্র্যাজুয়েট। ৪ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় **Web Design**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার **আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই।** আবার এখানকার আরেকটি ছেলে **অরুনাভ পাত্র।** আর্টস ব্যাকগ্রাউন্ড। এখানে যখন প্রথম কাউন্সেলিং করাতে এসেছিল, তখন কাউন্সিলারদের এটা বোঝাতে হিমসিম খেতে হয়েছিল যে 'পাতি আর্টস ব্যাকগ্রাউন্ড' হলেও অরুনাভ আইটি কোম্পানির জন্য একদম ঠিকঠাক 'মেটেরিয়াল'। ডিসানের আশা সত্যি করে আজকে অরুনাভ **ওয়েব ডেভেলপার** হিসাবে মাসে ৩২,০০০ টাকা মাইনের চাকরি করছে। আবার এখানকার ছাত্রী **অমর্ত্যা সেন**, কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হওয়ার পর সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখান থেকে ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে ১৮,৫০০ টাকার স্যালারি প্যাকেজ পাচ্ছে সে। এখানকার ছাত্র অভিষেক কুমারের কথাই ধরা যাক। আর্টস ব্যাকগ্রাউন্ড। পারিবারিক আর্থিক সমস্যা থাকায়, উচ্চ শিক্ষা অসম্পূর্ণ ছিল। ডিসানে ভর্তি হওয়ার পর এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে সে **SEO Executive** পদে কর্মরত। এখানকারই আরেকজন ছাত্রী **প্রিয়া বাগ।** SMO ট্রেনিং নিয়ে **Content Stretegist** পদে মাসে ১২,৮০০ টাকা মাইনের চাকরি করছে। এখানকারই ছাত্র **সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ **টাকার পে প্যাকেজ** পাচ্ছে সে। এরকমই আরেকজন ছাত্র— **রতন হালদার** - যার পারিবারিক আয় এতই কম, যে এখানকার ট্রেনিংয়ের ফীজ দেওয়ার ক্ষমতাও ছিল না তার। ৭০% স্কলারশিপ পেয়ে এখন সে **মাসে ১৪,০০০ টাকা মাইনের চাকরিতে কর্মরত।** উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেওয়ার সময় **রামমোহন হালদার** এর বাবা মারা যান। ডিসানে ৮০% স্কলারশিপ পেয়ে ট্রেনিং নিয়ে মাসে **১৭,০০০ টাকা আয় করছে** সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিলেন **অমিত ব্যানার্জী।** এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে **৩,৬০,০০০ টাকার** প্যাকেজে কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত।

> **সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।**

আবার গত মাসে **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্‌ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটসস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি - ২০২৫' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

# স্টেট ব্যাঙ্কে ২,০৫০ অফিসার

১ পাতার পর

বয়স হতে হবে ৩১-১২-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-১-১৯৯৬ থেকে ৩১-১২-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শুরুতে বেসিক পে ৪৮,৪৮০ টাকা।

মোট শূন্যপদ ২,০৫০টি। এর মধ্যে — কলকাতা সার্কেলের মধ্যে পশ্চিমবঙ্গ, সিকিম, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ২০০টি (জেনাঃ ৮১, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৪, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, বধির প্রতিবন্ধী ২, অন্যান্য ৪। ব্যাকলগ ৩১টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২১, প্রতিবন্ধী ১১)। অমরাবতী সার্কেলে (আন্ধ্রা প্রদেশ) ৯৭টি। বেঙ্গালউরু সার্কেলে (কর্ণাটক) ২০০টি। ভোপাল সার্কেলে (মধ্য প্রদেশ, ছত্তিশগড়) ৯৭টি। ভুবনেশ্বর সার্কেল (ওড়িশা) ৮০টি, চন্ডীগড় সার্কেলে (জম্মু-কাশ্মীর, লাদাখ, হিমাচল প্রদেশ, হরিয়ানা, পঞ্জাব) ১০৩টি। চেন্নাই সার্কেলে (তামিলনাড়ু, পুদুচেরী) ১৬৫টি, হায়দরাবাদ সার্কেলে (তেলেঙ্গানা) ৮০টি। জয়পুর সার্কেলে (রাজস্থান) ১০৩টি, লখনৌ (উত্তর প্রদেশ) ২০০টি, মহারাষ্ট্র সার্কেলে (মহারাষ্ট্র) ১৯৪টি, মুম্বই মেট্রো সার্কেলে (মহারাষ্ট্র, গোয়া) ১৪৩টি, নয়া দিল্লি সার্কেলে (দিল্লি, উত্তরাখণ্ড, হরিয়ানা, উত্তর প্রদেশ) ৭৬টি, তিরুবনন্তপুরম সার্কেলে (লাক্ষাদ্বীপ, কেরালা) ৫০টি, গান্ধীনগর ১৯৪টি, গুয়াহাটি ৬৮টি। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/CBO/2025-26/18.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের অনলাইন পরীক্ষা হবে। তাতে সফল হলে স্ক্রিনিং টেস্ট ও ইন্টারভিউ।

অবজেক্টিভ টাইপের অনলাইন পরীক্ষা হবে মার্চে। এই পরীক্ষায় ২ ঘন্টার ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ৩০ মিনিট, (২) ব্যাঙ্কিং নলেজ-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৪০ মিনিট, (৩) জেনারেল অ্যাওয়ারনেস বা, ইকনমি-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ৩০ মিনিট। (৪) কম্পিউটার অ্যাপ্টিটিউড-২০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ২০ মিনিট।

এরপর ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে ৩০ মিনিটের ৫০ নম্বরের পরীক্ষা হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা)। দু'টি প্রশ্নের উত্তর লিখতে হবে। তারপর ৫০ নম্বরের ইন্টারভিউ।

কোনো পার্টেই নেগেটিভ মার্কিং নেই। চূড়ান্ত তালিকা তৈরির সময় ডেসক্রিপ্টিভ পার্টের নম্বর ও ইন্টারভিউয়ের নম্বর দেখা হবে। মেধা তালিকা তৈরি হবে সার্কেলভিত্তিক। লিখিত পরীক্ষা হবে পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গ : কলকাতা, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর, হাওড়া, শিলিগুড়ি। বিহার : আড়া, ঔরঙ্গাবাদ (বিহার), ভাগলপুর, দ্বারভাঙা, গয়া, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। ওড়িশা : বালাসোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেলা, সম্বলপুর। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। ত্রিপুরার আগরতলা। মেঘালয়ের শিলং। মিজোরামের আইজল। ঝাড়খন্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচী।

এছাড়া পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন 'Acquaint Yourself' পুস্তিকায়, যা লিখিত পরীক্ষার কল লেটারের সঙ্গে দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://sbi.bank.in/web/careers/current openings

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে প্রার্থীদের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নিতে হবে : (ক) পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন)। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন : 'I.., (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন।

# NCSM-এর ১৬ বছর পূর্তি



সুব্রত সেন, কলকাতা : সম্প্রতি কলকাতার সল্টলেকের ‘STPI বিল্ডিংয়ের অডিটোরিয়াম’এ রাজ্যের প্রথম সারির কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠান ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (NCSM)-এর ১৬ বছর পূর্তি উপলক্ষ্যে বর্ণাঢ্য অনুষ্ঠান হয়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিল ছিলেন ড. সিদ্ধার্থ শঙ্কর রায় যাকে আমরা ক্যাক্টাসের সিধু বলে জানি আর বিশিষ্ট অভিনেত্রী পায়েল সরকার। অনুষ্ঠানের সূচনা পর্বে উপস্থিত ছিলেন STPI'এর ডিরেক্টর মনজিৎ নায়েক। তিনি তার মূল্যবান বক্তব্য রাখেন ও আগামী দিনে এন.সি.এস.এম-এর সঙ্গে বিভিন্ন অত্যাধুনিক কোর্স চালু করার কথা বলেন। সংস্থার চেয়ারম্যান সুপ্রিয় শেখর কুণ্ডু জানান, ‘সারা দেশজুড়ে কম্পিউটার শিক্ষার অগ্রগণ্য প্রতিষ্ঠান হিসাবে ও আমাদের ১৬ বছর পূর্তি উপলক্ষ্যে আমি সংস্থার তরফ থেকে সবাইকে সাদর অভ্যর্থনা জানাচ্ছি। আজকে দেশজুড়ে আমাদের প্রায় কয়েকশো শিক্ষা প্রতিষ্ঠান, যা সম্ভব হয়েছে আপনাদের নিরন্তর পরিশ্রমের জন্য। এছাড়াও রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন ভোকেশনাল প্রকল্পের সফল রূপায়ণেও আমরা দীর্ঘদিন ধরে যুক্ত।’ ১৯ জানুয়ারি হওয়া সল্ট লেকের STPI বিল্ডিংয়ের অডিটোরিয়ামে এই অনুষ্ঠানে লোক ছিল কানায় কানায় পূর্ণ। সারা দেশের প্রথম ১০ জন অনুমোদিত স্টাডি সেন্টার পেলেন বিশেষ পুরস্কার। এঁরা হলেন শৌভিক বিশ্বাস, দীপক চৌধুরী ও দেবাশিস বোস (করিমপুর, নদিয়া), সানাওয়াজ আলি মোল্লা (ঘটকপুকুর, দক্ষিণ ২৪ পরগনা), অনু ভার্গিসি ও দিব্যা ডি শিনয় (কেরল), ড. সাবিত্রী কোচ (মেঘালয়), সৌমেন্দ্র স্বর্ণকার (জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ), রানা দাস (দক্ষিণ দিনাজপুর), সৌমেন প্রামাণিক (কৃষ্ণনগর, নদিয়া), সাহানুল ইসলাম, মহঃ ওয়াসিম (ভগবানগোলা, মুর্শিদাবাদ), লিটন রায় (হুগলি), গৌতম গোস্বামী (কোচবিহার)। এছাড়াও ভালো কাজের স্বীকৃতির জন্য পুরস্কার পেলেন ৫০-এর ওপর সেন্টার ডিরেক্টররা। ‘একথা সত্যি যে সারা দেশের মধ্যে কম্পিউটার শিক্ষার প্রসারের জন্যই সবাই আমাদেরকে চেনে। কিন্তু তাছাড়াও গত কয়েকবছর ধরে আমাদের এখানে বিনা খরচে যোগ্যশ্রী প্রকল্পে ‘নিট’ ও ‘জেইই’র কোচিং দেওয়া হয়। এছাড়া রাজ্যের তপশিলী জাতি, উপজাতি, সংখ্যালঘু ও জেনারেল (EWS) ক্যাটাগরির ছেলেমেয়েদের জন্য রাজ্য সরকারের বিভিন্ন পরীক্ষার প্রস্তুতি দেওয়া হয়। পাশাপাশি বই, স্টাডি মেটেরিয়াল, মক টেস্ট, ফিজিক্যাল ট্রেনিং ও অনলাইনের মাধ্যমে বিশেষজ্ঞদের পরামর্শ দেওয়া হয় পুরোপুরি নিখরচায়। রাজ্যের সব সাব ডিভিশনেরই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।’ জানান সংস্থার ডিরেক্টর কুন্তল শেখর কুণ্ডু।



*সম্প্রতি নিউটাউনের বিশ্ববাংলা ক্যাম্পাসে হয়ে গেল রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান SBIHM'এর ২৭তম বার্ষিক ‘বিচ ফুড ফেস্টিভ্যাল’। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিকল্পনা প্রস্তুতি ব্যবস্থাপনা ও বাস্তবায়নের দায়িত্বে ছিল প্রতিষ্ঠানের ৫০০'র বেশি শিক্ষার্থীরা। এই ফেস্টিভ্যাল কুলিনারি ও হসপিটালিটি ইন্ডাস্ট্রির সেরা সেরা বিশেষজ্ঞদের প্রশংসা কুড়িয়েছে। মেনু পরিকল্পনা, স্বাস্থ্যবিধি, উপস্থাপনা, লাইভ কুকিং ও উচ্চমানের অতিথি পরিষেবায় প্রতিটি কাউন্টারে ছিল চরম পেশাদারিত্বের ছাপ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলার সাহিত্য জগতের অবিসংবাদী সম্রাট শীর্ষেন্দু মুখোপাধ্যায়, প্রাক্তন আই.এ.এস অফিসার আলাপন বন্দ্যোপাধ্যায়, SBIHM'এর সি.ই.ও বিদিশা মিত্র সরকার ও কলেজের চেয়ারম্যান রাজীব সেন-সহ দেশ ও বিদেশের পাঁচতারা হোটেলের নামীদামী এক্সিকিউটিভ শেফ, জেনারেল ম্যানেজার ও হসপিটালিটি ইন্ডাস্ট্রির সেরা ব্যক্তিত্বরা।*

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

## ২৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

টি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ‘গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস’ হিসাবে সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। শূন্যপদ : সিভিলে ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যাল ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। এস অ্যান্ড টি ৩টি (জেনাঃ)।

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও এস অ্যান্ড টি ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ‘টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস’ হিসাবে সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। শূন্যপদ : সিভিলে ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল ২টি (জেনাঃ)। এস অ্যান্ড টি ১টি (জেনাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের বেলায় মাসে ১০,০০০ টাকা ও টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিসদের বেলায় ৮,৫০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং A02/2025, Date: 28.01.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.ircon.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the Engagement of Apprentices as per Apprentices Act 1961-Advt. No. A02/2025'. দরখাস্ত পৌঁছনো চাই ১৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The CGM/HRM, IRCON International Limited, C-4, District Centre, Saket, New Delhi-110 017.






সায়েন্স সিটি অডিটোরিয়ামে সম্প্রতি রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান জেআইএস গ্রুপ-এর বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান 'জেআইএস সম্মান ২০২৬' হয়েগেল। উপস্থিত ছিলেন, গ্রুপের এমডি সর্দার তরনজিত সিং, জয়েন্ট এমডি সর্দার হরনজিত সিং, ডেপুটি এমডি সর্দার অমৃক সিং, সিইও সর্দারনী মনপ্রিত কৌর সহ কোম্পানির অন্যান্য উচ্চ আধিকারিকেরা। ভারতীয় সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ অংশ ডিফেন্স রিসার্চ অ্যাণ্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও)-এর ডিরেক্টর জেনারেল ড. বিনয় কুমার দাস-কে তাঁর সারা জীবনের অবদানের জন্য এই বিরল সম্মান দেওয়া হল। এছাড়াও, হরিয়ানার প্রাক্তন সাংসদ (রাজ্যসভা) ও জাতীয় সংখ্যালঘু সম্প্রদায়ের প্রাক্তন চেয়ারম্যান সর্দার তারলোচন সিং, বিশিষ্ট ও সুবিখ্যাত গায়িকা হৈমন্তি শুক্লা, জাতীয় দলের প্রাক্তন অধিনায়ক ও একমেবাদ্বিতীয়ম গোলকিপার ভাস্কর গাঙ্গুলী-কে স্ব-স্ব ক্ষেত্রে অবিস্মরণীয় অবদানের জন্য এই বিরল সম্মান দেওয়া হল।

# নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি



**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতকোত্তর পর কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান CIHM-Central Institute of Hotel and Hospitality Management College. মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের জন্য প্রফেশনাল ট্রেনিং দিয়ে সরাসরি চাকরির সুযোগ করে দিচ্ছে। বিগত ১০ বছর ধরে CIHM হসপিটালিটি সেক্টরে Hotel Management, Hospital Management, Cruise Ships Management কোর্সগুলির ১ থেকে ৩ বছরের ট্রেনিং করিয়ে ও ভর্তির সময় লিখিত Job Bond দিয়ে দেশ ও বিদেশের বিভিন্ন সংস্থা, TAJ, ITC, JW MARRIOTT-এর মত নামিদামী পাঁচ তারা হোটেল, হসপিটাল, জাহাজ ও বিভিন্ন হসপিটালিটি সেক্টরে ব্যবস্থা করে দিচ্ছে। বয়সসীমা ১৮ থেকে ২৬ বছর। ফ্রী রেজিস্ট্রেশন। আসন সংখ্যা সীমিত। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন ঃ 9330364982, 6290510340. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস। এছাড়াও রাজ্যের সব জেলা ও শহর থেকে শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরা CIHM সাথে যুক্ত হয়ে সর্বোচ্চ ১ লাখ টাকা পর্যন্ত আয় করে নিজেদের ও ছেলেমেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। এই ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8013990366.






# স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে কেন্দ্রীয় সরকারের হেল্‌থ ইন্সপেক্টর পদে চাকরি



**রাম নারায়ণ মণ্ডল**

কলকাতার ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেলথ ট্রেনিং নতুন সেশনে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেলফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাস ও সেই সঙ্গে কমপিউটারে বেসিক সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে পড়ানো হয়। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে থিওরির পাশাপাশি হাতে কলমে প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয়। সংস্থার প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মন্ডল জানান, স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাস করার পর রেল, পুর নিগম, পোর্ট, হাসপাতাল সহ বিভিন্ন স্বাস্থ্য ক্ষেত্রে চাকরি হয়। এই কোর্স করে এবছর বিধাননগর পুরনিগম ও রেলে মোট ৩৬ জন চাকরি পেয়েছে। এছাড়াও চাকরি পেয়েছে কেন্দ্রীয় সরকারের এয়ারপোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও পেট্রোপলে। অল্প কিছু সীট খালি আছে। ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায়: আই আই এইচ টি (IIHT), ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা ৭০০০১২। ফোন: ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯৮৩১৭৭৪৫১৭, ৭৪৩৯৩৮৭৩৬৫। ওয়েবসাইট: www.iiht.in

## ১২০ এক্সি. ট্রেনি

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

**সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (টেলিকম স্ট্রিম) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৯৫টি (ও.বি.সি. ৬৫, ই.ডব্লু.এস. ৯, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭)।

**সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স স্ট্রিম) :** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৫টি (ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

দুই পদের বেলায় বয়স হতে হবে ৭-৩-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২৯ মার্চ, বেলা ১০টা থেকে। টেলিকম পদের বেলায় ১৮০ মিনিটের ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যাপ্টিটিউড টেস্ট -৪০ নম্বর, টেকনিক্যাল (টেলিকম) টেস্ট ১৬০ নম্বর। ফিনান্স পদের বেলায় ১৮০ মিনিটের ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যাপ্টিটিউড টেস্ট -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, টেকনিক্যাল (ফিনান্স) টেস্ট ১৬০ নম্বরের ১৬০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। এই পদের বিজ্ঞপ্তি নং : BSNLCO-11/12(11) / 1/ 2025 - RECTT-CO-Part (1), Dated: 29.1.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ ফেব্রুয়ারি থেকে ৭ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.bsnl.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ২,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী ১,২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্ত এডিট করতে পারবেন ৮ মার্চ থেকে ১৫ মার্চ।

### ঠিকঠাক জায়গা থেকে প্রস্তুতি নিলে

## ১ মাসের মধ্যে SSC Gr-C / D পরীক্ষা ক্র্যাক করা অবশ্যই সম্ভব



*টি. কে. মিত্র*

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** আর ঠিক ১ মাস। তারপর সেই বহুকাঙ্খিত পরীক্ষা। শূন্যপদ ৮,৪৭৭। দরখাস্তকারীর সংখ্যা প্রায় ১৬ লাখ। পরীক্ষা নেওয়া হবে স্কুলের ক্লার্ক (গ্রুপ-সি) ও গ্রুপ-ডি পদের জন্য। প্রায় ১ দশক পর এই ২ পদে নিয়োগ হবে। তাই স্বভাবতই 'ডু অর ডাই' সিচুয়েশন। ফলে এই সুযোগ কিছুতেই ছাড়া যাবে না। চাকরি এবার পেতেই হবে। কিন্তু কীভাবে? এই বিপুল সংখ্যক চাকরি প্রার্থীর মধ্যে ঠিক কীভাবে প্রস্তুতি নিলে ওই ২ পদে সুনিশ্চিতভাবে চাকরি পাওয়া যাবে, তা জানতে আমরা যোগাযোগ করেছিলাম এখন রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান CACES SUCCESS'এর সঙ্গে। প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক হেড শ্রী টি. কে. মিত্র জানালেন (১) দেখুন একটা কথা প্রথমেই স্পষ্টভাবে বলা দরকার। ৮,৪৭৭ শূন্যপদের জন্য ১৬ লাখ পরীক্ষার্থী। শূন্যপদ বাড়বে না — কিন্তু পরীক্ষার্থীর সংখ্যা দিনে দিনে বাড়বে। তাই ঠিকঠাক প্রস্তুতি নিতেই হবে। আমি এ'কথা গ্যারান্টি দিয়ে বলতে পারি, যদি ঠিকঠাক মত বৈজ্ঞানিক পদ্ধতিতে, একটু বুদ্ধি খরচ করে প্রস্তুতি নেওয়া যায় — তাহলে জয় সুনিশ্চিত। অর্থাৎ, বেকার জীবনের সমাপ্তি। (২) এখনকার বেশিরভাগ ছেলেমেয়েই ১ বছরের মধ্যে চাকরি পেতে চায়। কিন্তু প্রস্তুতি নিতে চায় না। এখানে একটি ব্যাপার পরিষ্কার করে বলা দরকার যে, চাকরি পেতে হলে সুনির্দিষ্ট ভাবে ঠিকঠাক প্রস্তুতির দরকার। নচেৎ কোনোভাবেই চাকরি পাওয়া যাবে না। (৩) পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকার পোষিত স্কুলে, সামনের কয়েক মাসে যে বিপুল সংখ্যক নিয়োগ হবে তা সত্যি। এই নিয়োগের ক্ষেত্রে প্রস্তুতি ঠিকঠাক নিতে হলে দরকার প্রিমিয়ার ফ্যাকাল্টির সঠিক গাইডেন্স। অর্থাৎ ওই ২ বিভাগে চাকরি পেয়েছে এমন আধিকারিক। এই ব্যাপারে আমাদের প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে অন্যতম সেরা। এখানে ফ্যাকাল্টি হিসাবে রয়েছে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সেরা সেরা বিভাগের সম্প্রতি চাকরি পাওয়া অফিসারেরা। (৪) হাতে সময় মাত্র ১ মাস। তাই দরকার এক্সপার্ট গাইডেন্স। যাঁরা শুধুমাত্র এই পরীক্ষার ক্ষেত্রেই বিশেষজ্ঞ। (৫) সিলেবাস অনুযায়ী, বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তরের অ্যানালিসিস করে কাস্টমাইজড পদ্ধতিতে পরীক্ষা ভিত্তিক স্টাডি মেটেরিয়াল। (৬) এমন জায়গায় ভরতি হতে হবে যেখানে সেরা সেরা ছেলেমেয়েরা পড়ছে। অর্থাৎ এই ধরনের পরীক্ষায় ক্র্যাক করতে হলে দরকার সবচেয়ে কম সময়ে সবচেয়ে বেশি সঠিক প্রশ্নের উত্তর দেওয়া। তারজন্য চাই সেরা ছেলেমেয়েদের সাথে কম্পিটিশিন — যা আমাদের প্রতিষ্ঠানের অন্যতম ইউএসপি। (৭) সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কিভাবে চাকরি ওরিয়েন্টেড প্রস্তুতি নেওয়া যায় তারজন্য স্পেশালাইজড ক্লাস। সব শেষে একথা জোর দিয়ে বলছি, যদি এই ১ মাস আমার কথা মত একটু মন দিয়ে (অবশ্যই সব কিছু ভুলে) সবাই পড়াশুনা করেন — তাহলে আপনাকে ঠেকাবে কে। সব পরীক্ষার্থীকে শুভেচ্ছা জানাই। পরিকল্পনা মাফিক পরিশ্রম করে যাঁরা ১ মাসের মধ্যে মোটা মাইনের সুনিশ্চিত সরকারি চাকরি পেতে চাইছেন শুধুমাত্র তাঁরাই যোগাযোগ করুন : 9123325910 / 9062756906 অথবা চলে আসুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন, 35, APC Road, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি - 700 009.

## স্কুলে ক্লার্ক, গ্রুপ 'ডি'

১ পাতার পর

৮ মার্চ। গ্রুপ-সি (ক্লার্ক) পদের লিখিত পরীক্ষা হবে ১ মার্চ, বেলা ১২টা থেকে ১টা ৫০ মিনিট পর্যন্ত।

গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষা হবে ৮ মার্চ, বেলা ১২টা থেকে ১টা ২০ মিনিট পর্যন্ত।

পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে।

নবান্ন সূত্রে খবর, এই দুই পদের জন্য প্রায় ১৬ লাখ দরখাস্ত জমা পড়েছে। গ্রুপ-সি পদে শূন্যপদ আছে ২,৯৮৯টি আর গ্রুপ-ডি পদে শূন্যপদ আছে ৫,৪৮৮টি। এই দুই পদের পরীক্ষার সিলেবাস আবার দেওয়া হল :

ক্লার্ক (গ্রুপ-সি) পদের বেলায় ৬০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

গ্রুপ-ডি পদের বেলায় ৪০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। বিস্তারিত সিলেবাস নিচে দেওয়া হল।

বিস্তারিত সিলেবাস দেওয়া হল : **ক্লার্ক পদের বেলায় (প্রশ্ন হবে মাধ্যমিক মানের) : (ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর :** (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) পশ্চিমবঙ্গের জাতীয় শিক্ষা নীতি, (৪) লিঙ্গ সচেতনতা (নিয়ম ও নির্দেশ), (৫) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৬) বেসিক কম্পিউটার নলেজ, (৭) পরিবেশ সচেতনতা, (৮) সাম্প্রতিক অর্থনৈতিক ঘটনা, (৯) খেলাধূলা, (১০) বিজ্ঞানের উদ্ভাবন ও আবিষ্কার।

**(খ) জেনারেল ইংলিশ - ১০ নম্বর :** (১) ব্যাকরণ (প্রিপোজিশন, একলিঙ্গ ও উভয়লিঙ্গ), (২) সমার্থক শব্দ ও বিপরীত শব্দ, (৩) ভোকাবুলারি, (৪) বানান সংশোধন, (৫) বাক্য গঠন।

**(গ) লজিক্যাল রিজনিং-১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) পাজল।

**(ঘ) অ্যারিথমেটিক - ২০ নম্বর :** (১) ল.সা.গু. ও গ.সা.গু, (২) সরলীকরণ, (৩) অনুপাত ও সমানুপাত, (৪) সময় ও কার্য, (৫) সময় ও দূরত্ব, (৬) গড়, (৭) শতকরা, (৮) লাভ ও ক্ষতি, (৯) ভগ্নাংশ, (১০) সরল সুদ।

**গ্রুপ-ডি পদের বেলায় (প্রশ্ন হবে ক্লাস এইট মানের) :**

**(ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর :** (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৪) খেলাধূলা (সাম্প্রতিক খেলাধূলা), (৫) বেসিক কম্পিউটার নলেজ।

**(খ) লজিক্যাল রিজনিং-১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) ব্লাড রিলেশন।

**(গ) অ্যারিথমেটিক - ১০ নম্বর :** (১) গড়, (২) শতকরা, (৩) ল.সা.গু. ও গ.সা.গু (সহজ মানের), (৪) অনুপাত ও সমানুপাত, (৫) সরল সুদ।

## এবছর স্কিল্ড সেক্টরে দেড় লাখ চাকরি

১ পাতার পর

যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক'। অবাক হওয়ার মত এই রিপোর্ট-এর ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — 'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে প্যারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস —যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখনকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০৫ সাল থেকে তৈরি হওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে ডিজিটাল মার্কেটিং ট্রেনিং প্রোভাইডর হিসাবে ৬০,০০০ জনের বেশি ক্যান্ডিডেটকে Google, Accenture, Dabur, Samsung, Dell, Adobe, Amazon, TechMahindra,Reliance Digital, Paytm, Zomato, OYO, Motilal Oswal, Aditya Birla Group, Bandhan Bank, GKB Opticals, Pantaloons মত বিখ্যাত সংস্থায় চাকরি দিয়েছে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়। এখনকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়? উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। তাই এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy শেখানো হয় — যেখানে বাস্তবভাবে কাজ করা হয় সার্চ ভিজিবিলিটি, ইউজার এক্সপেরিয়েন্স ও কনভার্সন-ফোকাসড অপ্টিমাইজেশনের ওপর। পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মে 'পারফরম্যান্স-ড্রিভেন ক্যাম্পেইন' পরিকল্পনা ও বাস্তবায়ন করতে পারে।" আপনাদের এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে ঠিক কোথায় আলাদা? উত্তরে প্রসিত জানালেন, "এই লেখার একেবারে শুরুতে আমি বলেছিলাম যে আমরা 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে আমাদের ট্রেনিদের তৈরি করি। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (i) Digital Marketing, (ii) Content Creation (Graphics+Video Editing) ও (iii) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে।" এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ ফিচার হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। তাই এখানে শেখা মানে শুধুমাত্র থিওরি নয়, বরং প্রয়োজনীয় ডিজিটার ট্যুল, রিয়েল ক্যাম্পেইন ও ইন্ডাস্ট্রি-লেভেল এক্সিকিউশন শেখা। এখানকার ডিজিটাল প্রোগ্রামে সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এটি অন্যদের থেকে আলাদা কোথায়? উত্তরে এইচওডি অংশুমান জানালেন, "একটা উদাহরন দিলে জিনিসটা সহজে বোঝানো যাবে। যদি কেউ কোনো ব্যাঙ্ক বা ইন্সুরেন্সে (যেকোনো সার্ভিস প্রোভাইডর)-এর ওয়েবসাইটে যায়, তাহলে সেখানে ইউজারকে সাহায্য করার জন্য একটি 'Chatbot' থাকে — যেটি সব গতানুগতিক প্রশ্নের উত্তর দিতে পারে। কিন্তু কোনো ইউনিক প্রশ্নের উত্তর দেয় না। আমাদের এই ট্রেনিংয়ের মাধ্যমে, এখানকার ছেলেমেয়েরা এমনভাবে 'AI based Chatbot' তৈরি করে — যাতে যেকোনো ইউজার যেকোনো ধরনের সমস্যার কাস্টমাইজড সমাধান ওখানেই পেয়ে যাবেন। ফলে ইন্ডাস্ট্রিতে আমাদের ট্রেনিদের গুরুত্ব অনেক বেড়ে যায়।" এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা এখনকার 'কনটেন্ট-ড্রিভেন ডিজিটাল ইকোসিস্টেম'-এর ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখনকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়।

এছাড়াও NIHT-এর রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায়। এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের পে-প্যাকেজ পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## ডাকবিভাগে ৩০ হাজার

১ পাতার পর

জমা নেওয়া ও দেওয়া। পোস্ট অফিসের অধীন গ্রাম বা, পঞ্চায়েত এলাকার ব্যবসার পরিমাণ বাড়ানো, বিভিন্ন জায়গায় মেলার আয়োজন করা, বাড়ি বাড়ি গিয়ে কথা বলা ও বিভিন্ন সরকারি প্রকল্পের জনপ্রিয়তা বাড়ানো। রেকর্ড দেখা, চিঠি পৌঁছে দেওয়ার ক্ষেত্রে যাবতীয় কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করা।

**ডাক সেবক :** ডাক সেবকরা সাব পোস্ট অফিস ও হেড পোস্ট অফিসের মতো জায়গায় নিযুক্ত হবেন। চিঠি পৌঁছে দেওয়া, ডাকটিকিট, খাম ইত্যাদি বিক্রি করা। ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের টাকা জমা নেওয়া ও দেওয়া। পোস্ট মাস্টারের নির্দেশে অন্যান্য কাজও করতে হবে। রেলওয়ে মেল সার্ভিসের সর্টিং অফিসে কাজ করতে হবে। মেল ব্যাগের আদানপ্রদান, ব্যাগ নির্দিষ্ট ঠিকানায় পৌঁছে দেওয়া ইত্যাদি কাজ করতে হবে। এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ পালন করতে হবে।

প্রতিটি গ্রামে ডাক পরিষেবা পৌঁছে দেওয়ার জন্যই কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগ। গ্রামীণ ডাকসেবক পদে মনোনীত হলে ভাতা পাবেন এই স্ল্যাবে : ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদের বেলায় ১২,০০০-২৯,৩৮০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার / ডাক সেবক পদের বেলায় ১০,০০০-২৪,৪৭০ টাকা।

অঙ্ক ও ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ চ শিক্ষাগত যোগ্যতার জন্য বাড়তি কোনো সুবিধা পাবেন না। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১৬-২-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে-ছাড় পাবেন। যে পোস্ট অফিসের অধীনে চাকরি করতে চান, সেই পোস্ট অফিসের এলাকার বাসিন্দা হতে হবে কিংবা চাকরি পাওয়ার ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট পোস্ট অফিসের অধীনের বাসিন্দা হওয়ার জন্য ডিক্লারেশন দিতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। সাইকেল চালাতে জানতে হবে। যাঁরা মোটর সাইকেল বা, স্কুটি চালাতে পারেন, তাঁরাও যোগ্য।

**শূন্যপদ :** পশ্চিমবঙ্গে ২,৯৮২টি। এর মধ্যে আসানসোল ৪৬টি, বাঁকুড়া-১৭১টি, বারাসাত ২৪৪টি, ব্যারাকপুর -১৮টি, বারুইপুর -২৭৮টি, বীরভূম ২৩৩টি, বর্ধমান ১৮৬টি, কাঁথি ১১২টি, কোচবিহার ৬০টি, দক্ষিণ দিনাজপুর ৫৬টি, দার্জিলিং ৮০টি, হুগলি নর্থ ৯৩টি, হুগলি সাউথ ৩৯টি, হাওড়া ১০৭টি, জলপাইগুড়ি ৭৮টি, কলকাতা এয়ারপোর্ট সার্ভিসিং ডিভিশন -৬টি, কলকাতা ইস্ট-৬টি, কলকাতা আর.এম.এস. ৮টি, মালদহ-৭৭টি, মেদিনীপুর -২৭০টি, মুর্শিদাবাদ-২৩১টি, নদিয়া নর্থ -৮২টি, নদিয়া সাউথ -৭৪টি, পুরুলিয়া -১২৬টি, আর.এম.এস. হাওড়া ডিভিশন ১টি, আর.এম.এস. এস.বি. ডিভিশন ৩টি, আর.এম.এস.-এস.জি. ৩টি, সিকিম ৭০টি, সাউথ কলকাতা -৯টি, তমলুক-১০০টি, উত্তর দিনাজপুর -৫৫টি, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ৪১টি। অসমে ৬৩৯টি।

কোন ডিভিশনের অধীন কোন পোস্ট অফিসে ক'টি শূন্যপদ তার তালিকা ওয়েবসাইটে পাবেন কিংবা সংশ্লিষ্ট ডিভিশন অফিসে পাবেন।

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এজন্য দরখাস্ত খুঁটিয়ে দেখা হবে। মাধ্যমিকের প্রতিটি বিষয়ে পাওয়া ও মোট নম্বরের ভিত্তিতে মোট শূন্যপদের কয়েকগুণ প্রার্থীকে নিয়ে প্রথম পর্যায়ের মেধা তালিকা তৈরি হবে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। তারপর আবার শর্ট লিস্ট করা হবে।

মেধা তালিকা তৈরির সময় উচ চ শিক্ষাগত যোগ্যতার জন্য বাড়তি কোনো নম্বর পাবেন না। জেনারেল, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. আর মহিলাদের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় কোনো প্রার্থীর নম্বর একই হলে সিনিয়রিটির ভিত্তিতে জন্ম-তারিখ দেখে অগ্রাধিকার দেওয়া হবে। দরখাস্ত করার সময় ৫টি পোস্ট অফিসের নাম প্রেফারেন্স হিসাবে উল্লেখ করতে হবে। মেধা তালিকায় নাম থাকলে প্রার্থীদের প্রভিশনাল মেধা তালিকা এস.এম.এস. করে জানানো হবে। এছাড়াও মনোনীত প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 17-37/2025-GDS (Pt.1), Dated: 28th January, 2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://indiapost.gov.in/gdsonlineengagement এজন্য বৈধ মোবাইল নম্বর, বৈধ ই-মেল আই.ডি. আর আধার কার্ডের নম্বর থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে, ৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (২০০×২৩০ পিক্সেলে, ৫০ কে.বি.'র মধ্যে) আর অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ১৬ ফেব্রুয়ারির মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের কোনো ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন। এরপর ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত করবেন। কোন পোস্ট অফিসে ক'টি শূন্যপদ আছে, তার তালিকা সংশ্লিষ্ট পোস্টের ডিভিশন অফিসে কিংবা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন। ফর্ম এডিট বা, সংশোধন করতে পারবেন ১৮ ও ১৯ ফেব্রুয়ারি।

## কেন্দ্রীয় বিদ্যালয়ের বিভিন্ন শাখায় শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় বামনগাছি পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি, হিন্দি, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, কমার্স, ইতিহাস, অর্থনীতি, ভূগোল, কম্পিউটার সায়েন্স), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (হিন্দি, ইংরিজি, সংস্কৃত, সোশ্যাল সায়েন্স, অঙ্ক সায়েন্স), প্রাইমারি টিচার ও অন্যান্য বিষয়ের টিচার পদের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.kvsangathan.nic.in

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়-২ কলকাতা বিভিন্ন বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no2saltlake.kvs.ac.In

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়-১ কলকাতা বিভিন্ন বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no1saltlake.kvs.ac.in

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়-১ ইছাপুর বিভিন্ন বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। ইন্টারভিউ হবে ১২ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no1ishapore.kvs.ac.in

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়-১ ইছাপুর বিভিন্ন বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। ইন্টারভিউ হবে ১০ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://iimjoka.kvs.ac.in

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় আদ্রা বিভিন্ন বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। ইন্টারভিউ হবে ১২ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://adra.kvs.ac.in

## সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। কোন অ্যাসিড জলে দ্রবীভূত হলে একটি দ্রবণ তৈরি করে, যা সাধারণত 'ভিনিগার' নামে পরিচিত — অ্যাসিটিক অ্যাসিড (ফর্মুলা $CH_3COOH$)।

২। জীবের দেহ গঠনের প্রধান জটিল অণু কোনটি — প্রোটিন।

৩। অবস্থা পরিবর্তনের সময় পদার্থকে যে তাপ প্রদান করা হয়, তাকে বলা হয় — লীন তাপ।

৪। 'পলিসাইথেমিয়া' কিসের সঙ্গে সম্পর্কিত একটি রোগ — লোহিত রক্ত কণিকা।

৫। মহিষের দুধে গড় চর্বির পরিমাণ কত — ৭.২%।

৬। পারদের কোন যৌগ জীবাণুনাশক হিসাবে ব্যবহৃত হয় — মার্কিউরিক ক্লোরাইড (ফর্মুলা - $HgCl_2$)।

৭। পরমাণুর তিনটি উপাদানের মধ্যে কোনটির ভর সবথেকে কম — ইলেক্ট্রন।

### ইতিহাস

৮। 'গুলামগিরি' কার লেখা— জ্যোতিরাও গোবিন্দরাও ফুলে (১৮৭৩ সালে)।

৯। ১৯৪০ সালের ২৩ মার্চ, কোন অধিবেশনে 'অল ইন্ডিয়া মুসলিম লিগ' পাক-ই-স্তান প্রস্তাব পাস করেছিল — লাহোর।

১০। কোন আন্দোলন ব্যর্থ হওয়ার পর 'স্বরাজ পার্টি' গঠিত হয়েছিল — অসহযোগ আন্দোলন (১৯২৩ সালের ১ জানুয়ারি, চিত্তরঞ্জন দাস ও মতিলাল নেহরু স্বরাজ পার্টি প্রতিষ্ঠা করেন)।

১১। কোন রাজা 'বাতাপিকোন্ডা' উপাধি গ্রহণ করেছিলেন — প্রথম নরসিংহবর্মণ।

১২। কোন শাসকের কৃতিত্ব নাসিক শিলালিপিতে লিপিবদ্ধ ছিল — গৌতমীপুত্র সাতকর্ণী।

১৩। ছান্দোগ্য উপনিষদে উল্লিখিত মতে, কোনো পুরুষের নিজের বর্ণে বা তার থেকে নিম্ন বর্ণে বিবাহ কোন ধরনের বিবাহ — অনুলোম বিবাহ।

১৪। যখন নাদির শাহ ভারত আক্রমণ করেন, তখন দিল্লির সম্রাট ছিলেন — মুহাম্মদ শাহ।

### ভূগোল

১৫। ভারতের 'নুনমাটি' স্থানটি কোন শিল্পের সঙ্গে সম্পর্কিত — পেট্রোলিয়াম শিল্প।

১৬। কোন খাল শতদ্রু ও বিয়াস নদী থেকে জল পায় — ইন্দিরা গান্ধী খাল।

১৭। 'ইন্দিরা গান্ধী সুপার থার্মাল পাওয়ার প্রকল্প'টি ভারতের কোন রাজ্যে অবস্থিত — হরিয়ানা (ঝাজ্জার জেলায় অবস্থিত)।

১৮। ভারতের সবথেকে গুরুত্বপূর্ণ নদী বন্দর কোনটি — কলকাতা বন্দর।

১৯। ভারতের দৈনিক আবহাওয়ার মানচিত্র কোথায় তৈরি ও মুদ্রিত হয় — পুণে (ডেটা সেন্টার অফ ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট)।

### অর্থনীতি

২০। ভারতে এআই পরিকাঠামো গড়ে তুলতে ১৭.৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে কোন সংস্থা — মার্কিনি সফটওয়্যার জায়ান্ট 'মাইক্রোসফট' (এশিয়ার মধ্যে এখনও পর্যন্ত সর্বোচ্চ বিনিয়োগ এটি)।

২১। লেনদেনের পরিমাণের ভিত্তিতে কোন দেশের ইউপিআইকে বিশ্বের বৃহত্তম রিয়েল-টাইম পেমেন্ট সিস্টেম হিসাবে স্বীকৃতি দিল 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার' — ভারত।

২২। 'ফিনান্সিয়াল টাইমস গ্রুপ'এর মালিকানাধীন প্রকাশনা সংস্থা 'দ্য ব্যাঙ্কার'এর তরফ থেকে ২০২৫ সালের 'বর্ষসেরা বৈশ্বিক ব্যাঙ্ক' হিসাবে মনোনীত হল কোন ব্যাঙ্ক — সিঙ্গাপুরের 'ডিবিএস ব্যাঙ্ক'।

২৩। 'পিএনবি হাউজিং ফিনান্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অজয় কুমার শুক্লা।

সঙ্কলক : পলি দেওয়ান

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mall করুন এই নম্বরে : **karmajiggasa@gmall.com** ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## প্রাইমারি চাকরির

■ *প্রাইমারি টিচার পদের ইন্টারভিউ উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের কবে থেকে শুরু হবে? — পর্ণা ব্যানার্জী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ তৃতীয় ফেজের ইন্টারভিউ হবে শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর জেলা দিয়ে। হাওড়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৯ ও ১০ ফেব্রুয়ারি। উত্তর দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১১ ফেব্রুয়ারি থেকে ১৩ ফেব্রুয়ারি। শিলিগুড়ির প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের ইন্টারভিউ পঞ্চম ফেজে ফেব্রুয়ারির শেষে হওয়ার সম্ভাবনা আছে। এ সপ্তাহেই চতুর্থ ফেজের ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি বেরোবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে ইন্টারভিউ চলছে, তার ফল কবে বেরোবে? — রাহুল দাস, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের ইন্টারভিউ চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। সম্ভবত মার্চের প্রথম দিকেই ফল বেরোবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল পদের জন্য বয়স কত থাকতে হবে? — শম্পা দত্ত, আলিপুরদুয়ার।*

■■ কলকাতা ও রাজ্য পুলিশের কনস্টেবল পদের জন্য মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, রূপান্তরকামীরা ৩ বছর, সিভিক ভলান্টিয়ার /ভিলেজ পুলিশ ভলান্টিয়াররা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. বা, হোম গার্ডরাও নিয়মানুযায়ী ছাড় পাবেন।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ওয়্যারলেস অপারেটর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পদের শিক্ষাগত যোগ্যতা, সিলেবাস, পরীক্ষা পদ্ধতি জানাবেন। — আলামিন বিশ্বাস, তেঁতুলবেড়িয়া, নাকাশীপাড়া, নদিয়া।*

■■ ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৬ কেজি।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। দরখাস্ত খুঁটিয়ে দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স -৪০ নম্বর, (খ) ম্যাথমেটিক্স -২০ নম্বর, (গ) দৈনন্দিন ফিজিক্যাল সায়েন্স ২০ নম্বর, (ঘ) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে ইংরিজিতে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতা'র পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড়তে হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে মেন পরীক্ষা। ৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের দু'টি পার্ট থাকবে। প্রথম পার্টে ৭০ নম্বরের ৭০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে ফিজিক্স ও অঙ্ক বিষয়ে। প্রশ্ন হবে ইংরিজিতে, উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পার্টে থাকবে ১৫ নম্বরের ল্যাঙ্গোয়েজ টেস্ট। এই টেস্টে ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করতে দেওয়া হবে। সময় থাকবে ৩০ মিনিট। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

## কলেজ সার্ভিসের

■ *২ বছরের বি.কম. কোর্স পাশ করেছি পুরনো সিলেবাস অনুযায়ী। আর্টস শাখায় মাস্টার ডিগ্রি করলে কলেজ সার্ভিস কমিশনের পরীক্ষা দিতে পারব কি? — তপন দাস, ২/১, মথুরবাবু লেন, কলকাতা-১৫।*

■■ সংশ্লিষ্ট বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি.'র স্টেনোগ্রাফার পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? — সেখ ইমরান, বীরভূম। পূর্ব ব্যানার্জী, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রায় ১৬ বছর পর পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট ও অন্যান্য অফিসে কাজের জন্য 'ইংলিশ স্টেনোগ্রাফার (বেসিক গ্রেড)' পদের বিজ্ঞপ্তি বের করল পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন (বিজ্ঞপ্তি নং 4/2025)। শেষবার ২০০৯ সালে ইংলিশ স্টেনোগ্রাফার পদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল। তবে তার নিয়োগ হয়নি। পি.এস.সি. কর্তৃপক্ষ সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বের করলেও কবে থেকে দরখাস্ত নেওয়া হবে, শিক্ষাগত যোগ্যতা ও বয়স কেমন থাকবে আর প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি কেমন হবে, সে বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া হবে ওয়েবসাইটে।

এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি দেওয়া হল : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি হলে) ১৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন'। ২০২৫ সালের ইংলিশ স্টেনোগ্রাফার্স রিক্রুটমেন্ট এক্সামিনেশন' পরীক্ষার মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয়: (১) প্রবন্ধ লেখা - ২৫ নম্বর, (২) প্রেসি লেখা - ২৫ নম্বর, (৩) রিপোর্ট ড্রাফটিং করা - ২০ নম্বর, (৪) গ্রামার - ৩০ নম্বর। এরপর পার্ট-টু পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। ১০০ নম্বরের টাইপিং টেস্ট। সময় থাকবে ১০ মিনিট। এরপর ২০০ নম্বরের ডিকটেশন টেস্ট ও ট্রান্সক্রিপশন। পরীক্ষার সিলেবাস-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https:/ /psc.wb.gov.in

■ *২০২৩ সালের ডব্লু.বি.সি.এস.' এর চূড়ান্ত ফল কি বেরিয়েছে? — সোনালী দাস, বিরাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. গ্রুপ-এ ও গ্রুপ-বি' পদের চূড়ান্ত ফল বেরিয়েছে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — প্রশান্ত ঘোড়াই, দাঁতন, পশ্চিম মেদিনীপুর। স্বপ্না মন্ডল, বিড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। ডিগ্রি কোর্স ও লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হতে হবে স্বীকৃত কোনো প্রতিষ্ঠানের রেগুলার / এক্সটার্নাল / প্রাইভেট /ডাকযোগে /করেসপন্ডেন্স কোর্সের মাধ্যমে। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.-রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৭৫ নম্বর, পেশাগত যোগ্যতায় থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫ নম্বর, ওরাল ইন্টারভিউয়ের জন্য থাকবে ১০ নম্বর। পেশাগত যোগ্যতায় ১০ নম্বর দেওয়া হবে এইভাবে : (ক) অনার্স গ্র্যাজুয়েট যোগ্যতার জন্য থাকবে ৬ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৬ নম্বর, দ্বিতীয় বিভাগের জন্য ৪ নম্বর, অন্যান্য বিভাগের জন্য ২ নম্বর) পাবেন। পাস কোর্সের গ্র্যাজুয়েট হলে ৪ নম্বর (প্রথম বিভাগের জন্য ৪ নম্বর, দ্বিতীয় বিভাগের জন্য ৩ নম্বর, অন্যান্য বিভাগে ২ নম্বর) পাবেন। স্পেশাল অনার্স / কনডেন্সড অনার্স /অনুমোদিত দক্ষতার কোর্স হলে সরাসরি ৪ নম্বর পাবেন। লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে ৪ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৪, দ্বিতীয় বিভাগে ৩, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

■ *আপার প্রাইমারি 'টেট' পাশ করেছি। বয়স ৩৯ বছর। ৪০ বছরের পর ওই 'টেট' সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করা যাবে কি? ওই সার্টিফিকেটের বৈধতা থাকবে কি? — অনিন্দ্য মজুমদার, কাটাপুকুর, পূর্ব বর্ধমান।*

■■ প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট' পাশ করলে সেই সার্টিফিকেটের বৈধতা সারাজীবন থাকে। তবে প্রাইমারি বা, আপার প্রাইমারির জন্য ৪০ বছরের বেশি বয়স হয়ে গেলে দরখাস্ত করতে পারবেন না। তবে তাতে সার্টিফিকেটের বৈধতা কমে না।

■ *স্কুল সার্ভিসে নবম-দশম শ্রেণির ইন্টারভিউ কবে কোথায় হবে? — রহিদুল সেখ, কুটিরঘাট লেন, শান্তিপুর, নদিয়া।*

■■ নবম-দশম শ্রেণির এখনো সার্টিফিকেট ভেরিফিকেশন হয়নি। তাই ইন্টারভিউ হতে দেরি আছে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৩,৯৭৭ | ফেব্রুয়ারি | https://recruit-gov.com |
| ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস (পাইপ লাইন) | ITI, ডিপ্লোমা | ৩৯৪ | ১০-২-২৬ | https:/plapps.indianoilpipelines.in |
| সেনাবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৮১ | ৫-২-২৬ | www.joinindianarmy.nic.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০ | ২৪-২-২৬ | www.joinindiannavy.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | মাধ্যমিক | ৫৭২ | ৪-২-২৬ | www.rbi.org.In |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক ITI পাশ | ২২,০০০ | ২-৩-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে পাবেন |
| সুপ্রিম কোর্টে ল' ক্লার্ক | আইনের গ্র্যাজুয়েট | ৯০ | ৭-২-২৬ | www.scl.gov.In |
| সি.এস.আই.আর-এ টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ৮০ | ২৩-২-২৬ | www.ccmb.res.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীর সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চ-এপ্রিল | www.wbpsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিস-২৬ পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.upsconline.nic.In |
| CTET-2026 পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.ctet.nic.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি পরীক্ষা | ১ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-ডি পরীক্ষা | ৮ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.In |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| SSC-এর মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার 2025 পরীক্ষা | ৪ ফেব্রুয়ারি থেকে | www.ssc.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | ২৮ ফেব্রুয়ারি, ১ মার্চ | www.rbi.org.in |
| শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর জেলার প্রাইমারির ইন্টারভিউ | ৯ ফেব্রুয়ারি-১৩ ফেব্রুয়ারি | www.wbbpeonline.com |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের CBT পরীক্ষা | ১৩ ফেব্রুয়ারি-১৮ ফেব্রুয়ারি | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক) স্পেশাল

1. কম্পিউটারের Operating System এর কাজ কী?
(A) ভাইরাস তৈরি (B) হার্ডওয়্যার ও ইউজার-এর মধ্যে সংযোগস্থাপন (C) প্রিন্ট (D) স্ক্যান

2. 'The One: Cricket, My Life and More' বইটি কার আত্মজীবনী?
(A) শিখর ধাওয়ান (B) রোহিত শর্মা (C) যুবরাজ সিং (D) মহেন্দ্র সিং ধোনি

3. 'সাংগাই' হরিণ ভারতের কোন রাজ্যের স্থানীয় প্রজাতি?
(A) কেরল (B) মণিপুর (C) তেলেঙ্গানা (D) রাজস্থান

4. মৌসিনরাম হল পৃথিবীর আর্দ্রতম স্থান ও এটি —— পাহাড়ে অবস্থিত?
(A) রাজমহল পাহাড় (B) খাসি পাহাড় (C) মহাদেও পাহাড় (D) লুসাই পাহাড়

5. 'বিশ্ব যক্ষ্মা দিবস' পালন করা হয় কবে?
(A) 24 মার্চ (B) 25 মার্চ (C) 26 মার্চ (D) 27 মার্চ

6. 2025 সালে 'কবাডি বিশ্বকাপ' কোথায় হয়েছে?
(A) ভারত (B) ইংল্যান্ড (C) মার্কিন যুক্তরাষ্ট্র (D) সৌদি আরব

7. 'ইস্টার ঝুড়ি' কোন ধর্মের সঙ্গে সম্পর্কিত?
(A) ইসলাম (B) খ্রিস্ট ধর্ম (C) হিন্দু ধর্ম (D) শিখ ধর্ম

8. 'ন্যাশনাল ওয়ার মেমোরিয়াল' কোথায় অবস্থিত?
(A) মুম্বই (B) দিল্লি (C) কলকাতা (D) আগ্রা

9. কোন টাইগার রিজার্ভে ভারতের প্রথম হর্নবিল সংরক্ষণ কেন্দ্র স্থাপন করবে তামিলনাড়ু সরকার?
(A) কাজিরাঙ্গা (B) বন্দিপুর (C) কানহা (D) আনামালাই

10. WWF -এর পূর্ণরূপ কী?
(A) ওয়েব ওয়ার্ল্ড ফেডারেশন (B) ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফেডারেশন (C) ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফান্ড (D) ওয়ার্ল্ড ওয়েব ফেডারেশন

11. Transgender ব্যক্তিদের অধিকার সংক্রান্ত আইন কোন সালে প্রণীত হয়?
(A) 2017 (B) 2018 (C) 2019 (D) 2020

12. 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা' কত সালে গঠিত হয়?
(A) 1969 (B) 1962 (C) 1971 (D) 1975

13. 'বেটি বাঁচাও, বেটি পড়াও' — এটি কোন বিষয় সংক্রান্ত?
(A) নারী স্বাস্থ্য (B) কন্যাশিশুর সুরক্ষা ও শিক্ষা (C) কর্মসংস্থান (D) বিবাহ

14. 'গ্রিনল্যান্ড' কোন মহাদেশের অংশ?
(A) উত্তর আমেরিকা (B) এশিয়া (C) ইউরোপ (D) আন্টার্কটিকা

15. 'ঘুমর' কোন রাজ্যের লোকনৃত্য?
(A) ঝাড়খণ্ড (B) উত্তরাখণ্ড (C) মেঘালয় (D) রাজস্থান

16. 1 MB = ?
(A) 1024 KB (B) 1000 KB (C) 512 KB (D) 2048 KB

17. 'এশিয়া কাপ' কোন খেলার অন্তর্গত?
(A) আন্ডার ওয়াটার হকি (B) ক্রিকেট (C) রাগবি (D) বেসবল

18. NEP-2000 অনুযায়ী, কোন শ্রেণি থেকে বৃত্তিমূলক শিক্ষা (Vocational Education) শুরু করার কথা বলা হয়েছে?
(A) তৃতীয় শ্রেণি (B) পঞ্চম শ্রেণি (C) ষষ্ঠ শ্রেণি (D) অষ্টম শ্রেণি

19. 'লাহোর অধিবেশন' কবে অনুষ্ঠিত হয়েছিল?
(A) 1820 (B) 1929 (C) 1940 (D) 1945

20. ভারতের প্রথম হাইড্রোজেন চালিত ট্রেন কোচ সফলভাবে পরীক্ষা করা হল কোথায়?
(A) চেন্নাই (B) দিল্লি (C) মুম্বই (D) বেঙ্গালুরু

21. যদি RAILWAY-কে 24-7-15-18-29-7-31 হিসাবে কোড করা হয়, তাহলে আপনি কীভাবে STATION-কে কোড করবেন?
(A) 25-24-7-24-15-21-19 (B) 25-26-7-26-15-21-20 (C) 25-24-8-24-15-21-19 (D) 25-26-8-26-15-21-20

22. M হল N এর ছেলে। O হল N এর বাবা। P হল M এর বাবা। তাহলে N কীভাবে P এর সঙ্গে সম্পর্কিত?
(A) স্ত্রী (B) স্বামী (C) বাবা (D) মা

23. যদি 'god is great' = 'cp an bo', 'great help done' = 'er cp fs' ও 'he is great' = 'bo cp dq' হয়, তাহলে 'he is god' এর কোড কী হবে?
(A) cp er bo (B) an bo cp (C) dq bo cp (D) an bo dq

24. প্রদত্ত এলোমেলো অক্ষরগুলি সাজিয়ে একটি অর্থপূর্ণ শব্দ তৈরি করুন ও অসম শব্দটি চয়ন করুন।
(A) ILON (B) GIRET (C) TOGA (D) CKOEPAC

25. যদি '+' এর অর্থ '–' হয়, '–' এর অর্থ '×' হয়, '×' এর অর্থ '÷', '÷' এর অর্থ '+' হয়, তাহলে 15 – 3 + 10 × 5 ÷ 5 = কত?
(A) 22 (B) 24 (C) 48 (D) 52

## স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি (ক্লার্ক) পদের পরীক্ষা হবে ১ মার্চ। প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫, ওরাল ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর, কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতার পরীক্ষায় থাকবে ১৫ নম্বর। ৬০ নম্বরের লিখিত পরীক্ষায় ৬০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। সময় থাকবে ১ ঘণ্টা ৫০ মিনিট। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি, করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **চঞ্চল ঘোষ**।

26. এই প্রশ্নটিতে একটি টেবিলে কতগুলি সংখ্যা/প্রতীকের কোড করা একটি গ্রুপ আর তার নীচে কিছু শর্ত দেওয়া হয়েছে। শর্তের ঘরে কোন সঠিক জোড়াটি হল সঠিক উত্তর।

| সংখ্যা/অক্ষর | & | 5 | 9 | # | 6 | % | 8 |
|---|---|---|---|---|---|---|---|
| কোড | S | D | M | U | T | L | A |

শর্ত :
(i) যদি প্রথম পদটি একটি জোড় সংখ্যা হয় আর শেষ পদটিও একটি জোড় সংখ্যা হয়, তাহলে এই দু'টির কোড (প্রথম আর শেষ পদটি) অদল বদল করতে হবে।
(ii) যদি দ্বিতীয় পদটি একটি জোড় সংখ্যা হয় আর পঞ্চম পদটি একটি প্রতীক হয়, তাহলে এই দু'টির কোড (দ্বিতীয় আর পঞ্চম পদ) অদল বদল করতে হবে।
(iii) যদি চতুর্থ পদটি একটি প্রতীক হয় আর ষষ্ঠ পদটিও একটি প্রতীক হয়, তাহলে এই দু'টি পদই (চতুর্থ আর ষষ্ঠ পদ) N হিসাবে যোগ করতে হবে।
প্রশ্ন : 85&%9 = 69
(A) MDSNMNTA (B) ADSLMUTM (C) AMSNDNTM (D) ADSNMNTM

27.

| | | |
|---|---|---|
| 85 | 20 | 5 |
| 126 | 24 | 6 |
| 175 | ? | 7 |

(A) 26 (B) 28 (C) 29 (D) 31

28. কোনটি বেমানান?
(A) Square (B) Circle (C) Parallelogram (D) Rectangle

29. ছয়জন ছাত্র P, Q, R, S, T ও U উত্তর দিকে মুখ করে একটি সরলরেখা বরাবর বসে আছে। P ও S লাইনের শেষ প্রান্তে বসে আছে। T, P এর পাশে বসে আছে, অন্যদিকে U, S-এর পাশে বসে আছে। Q ও S এর মাঝখানে শুধুমাত্র একজন বসে আছে। R ছাড়া Q-এর পাশে কে বসে আছে?
(A) T (B) U (C) R (D) S

30. যেমন সিংহ আর হরিণ তেমনি হল সাপ আর —
(A) ইঁদুর (B) কুমীর (C) খরগোশ (D) বাঘ

31. নিচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সমীকরণের জন্য বীজগুলির প্রকৃতি সম্পর্কে সঠিক?
$x(x+3) - 8 = 2(x+3)(x-3)$
(A) দু'টি কাল্পনিক বা অবাস্তব বীজ (B) দু'টি বাস্তব ও স্বতন্ত্র বীজ (C) বীজ বাস্তব ও সমান (D) বীজগুলি অমূলদ

32. 4 ও –5 বাস্তব বীজসহ দ্বিঘাত সমীকরণটি হল—
(A) $x^2 - 5x - 24 = 0$ (B) $x^2 - x - 30 = 0$ (C) $x^2 - 4x - 20 = 0$ (D) $x^2 + x - 20 = 0$

33. সুমন বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের হারে 20000 টাকা বিনিয়োগ করেছে। যদি সে n বছর পর 26,620 টাকা ফেরত পায়, তাহলে n এর মান হল—
(A) 2 বছর (B) 3 বছর (C) 2.5 বছর (D) 2.8 বছর

34. যদি PQ একটি সরলরেখার মধ্যবিন্দু S হয় ও R, S থেকে আলাদা একটি বিন্দু হয়, PR = RQ এর মতো, তাহলে—
(A) ∠PRS = 90° (B) ∠QRS = 90° (C) ∠PSR = 90° (D) ∠QSR < 90°

35. 0.63, 10.5, 2.1, 4.20 এর ল.সা.গু. নির্ণয় করুন।
(A) 63 (B) 0.63 (C) 6.30 (D) 6300

36. 4% ও 6% লাভে একটি বস্তুর বিক্রয়মূল্যের মধ্যে নগদ পার্থক্য হল 3 টাকা। দু'টি বিক্রয়মূল্যের অনুপাত হল —
(A) 51 : 53 (B) 55 : 53 (C) 52 : 53 (D) 54 : 53

37. সব মূলদ সংখ্যা হল ____ সংখ্যা।
(A) অখণ্ড (B) পূর্ণ (C) অমূলদ (D) বাস্তব

38. 55, 53, 56, 59, 61 ও 69 আর 31 সংখ্যাগুলির তালিকার মধ্যমা সংখ্যাটি কত?
(A) 55 (B) 56 (C) 59 (D) 61

39. যদি $y = \frac{2x-1}{x+3}$, তাহলে x নির্ণয় করুন, যেক্ষেত্রে y = 1
(A) 4 (B) –4 (C) $\frac{3}{2}$ (D) $\frac{4}{3}$ 11

40. 90 টাকায় 160টি চকোলেট বিক্রি করে, একজন চকোলেট ব্যবসায়ীর 20% ক্ষতি হয়। 20% লাভ করতে হলে 96 টাকায় তাঁকে কতগুলি চকোলেট বিক্রি করতে হবে?
(A) 45 (B) 36 (C) 54 (D) 28

41. যদি $x = 7 - 4\sqrt{3}$ হয়, তাহলে $\sqrt{x} + \frac{1}{\sqrt{x}}$ এর মান নির্ণয় করুন।
(A) 0 (B) 1 (C) 4 (D) – 4

42. যদি $2\cos\theta = \sqrt{3}$ হয়, তাহলে $\cos\theta \times \tan\theta = ?$
(A) 1 (B) $\frac{\sqrt{3}}{3}$ (C) $\frac{\sqrt{3}}{2}$ (D) $\frac{1}{2}$

43. একটি দেওয়ালের সঙ্গে হেলান দেওয়া একটি মইয়ের উন্নতি কোণ ও মইটির পাদদেশ দেওয়াল থেকে 10 মিটার দূরে রয়েছে। মইটির দৈর্ঘ্য কত?
(A) $18\sqrt{2}$ মিটার (B) $13\sqrt{2}$ (C) $15\sqrt{2}$ মিটার (D) $16\sqrt{2}$ মিটার

44. দু'টি সংখ্যার অনুপাত হল 3 : 5 ও তাদের গ.সা.গু হল 20, তাদের ল.সা.গু কত?
(A) 30 (B) 300 (C) 60 (D) 10

45. প্রদত্ত সংখ্যাগুলি অধঃক্রমানুসারে সাজান —
$3\sqrt{5}$, $2\sqrt{8}$, $4\sqrt{6}$
(A) $4\sqrt{6} < 3\sqrt{5} < 2\sqrt{8}$ (B) $2\sqrt{8} > 4\sqrt{6} > 3\sqrt{5}$
(C) $4\sqrt{6} > 3\sqrt{5} > 2\sqrt{8}$ (D) $2\sqrt{8} > 3\sqrt{5} < 4\sqrt{6}$

46. দৈর্ঘ্য 5 মিটার ও প্রস্থ 2 মিটার আয়তক্ষেত্রের ভিতরে একটি অংশ 2 মিটার বাহুবিশিষ্ট একটি বর্গাকার বর্ণবৈচিত্র্যযুক্ত। আয়তক্ষেত্রের বর্ণবৈচিত্র্যযুক্ত বর্গক্ষেত্রের সঙ্গে বর্ণবৈচিত্র্যহীন অংশের ক্ষেত্রফলের অনুপাত কত?
(A) 3 : 2 (B) 2 : 3 (C) 5 : 2 (D) 2 : 5

47. বার্ষিক 10% সরল সুদের হারে 2 বছরের জন্য বিনিয়োগকৃত মূলধনের ওপর অর্জিত সুদ হল 4,000 টাকা। বার্ষিক ভিত্তিতে সুদ চক্রবৃদ্ধি করা হলে অর্জিত সুদের পরিমাণ আর কত টাকা হবে?
(A) 200 (B) 240 (C) 290 (D) 190

48. যদি a, b, c, d, e পাঁচটি ধারাবাহিক বিজোড় সংখ্যা হয়, তাহলে তাদের গড় কত?
(A) 5(a + 4) (B) $\frac{abcdc}{5}$ (C) 5 (a+b+c+d+e) (D) ওপরের কোনোটিই নয়

49. একটি ব্যাগে নীল ও লাল বলের সংখ্যার অনুপাত ধ্রুবক। যখন 44টি লাল বল ছিল, তখন নীল বলের সংখ্যা ছিল 36টি। নীল বলের সংখ্যা 54 হলে, ব্যাগে ক'টি লাল বল থাকবে?
(A) 64 (B) 66 (C) 62 (D) 68

50. ভূমির ব্যাসার্ধ তার উচ্চতার সমান এমন একটি সমকোণী বৃত্তাকার শঙ্কুর আয়তন ও একটি অর্ধগোলকের আয়তন সমান। শঙ্কুর ব্যাসার্ধ ও অর্ধগোলকের ব্যাসার্ধের অনুপাত কত?
(A) 2 : 1 (B) $\sqrt{2}$ : 1 (C) $\sqrt[3]{2}$ : 1 (D) $\sqrt[3]{3}$ : $\sqrt[3]{2}$

51. Choose the correct option and fill in the blank.
Smoking will never be given up —— the tobacco industry thrives.
(A) so that (B) as long as (C) through (D) as if

52. Select the most appropriate synonym of the given word in the bracket and fill in the blank.
Their relationship is quite —— (cordial)
(A) hostile (B) formal (C) warm (D) artful

53. Select the corrrectly spelt word.
(A) Tresspass (B) Trespass (C) Tresspas (D) Trespas

54. Fill in the blank with the appropriate article.
My brother bought me —— new pair of socks.
(A) a (B) an (C) the (D) none of these

55. Choose the correct one word substitution
A thing which easily catches fire.
(A) Efflorescent (B) Callous (C) Impatient (D) Inflammble

56. Choose the correct phrasal verb
The dacoit —— with the ornaments.
(A) make out (B) made up (C) made off (D) made away

57. Select one option that corrects the error in the given sentence.
He ran quick to catch the bus.
(A) quick (B) rapid (C) insipid (D) quickly

58. Fill in the blank :
A —— of lions
(A) herd (B) roup (C) pride (D) pack

59. Identify the type of the underlined noun.
<u>wisdom</u> is always better than strength.
(A) Collective (B) Common (C) Material (D) Abstract

60. Change the voice :
I know sudeshna.
(A) Sudeshna is known by me (B) Sudeshna was known by me (C) Sudeshna is known to me (D) Sudeshna was known to me

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)


### ANSWER

1(B). 2(A). 3(B). 4(B). 5(A). 6(B). 7(B). 8(B). 9(D). 10(C). 11(C). 12(A). 13(B). 14(A). 15(D). 16(A). 17(B). 18(C). 19(B). 20(A).

**21(B).**

| | |
|---|---|
| R = 18 + 6 = 24 | S = 19 + 6 = 25 |
| A = 1 + 6 = 7 | T = 20 + 6 = 26 |
| I = 9 + 6 = 15 | A = 1 + 6 = 7 |
| L = 12 + 6 = 18 | T = 20 + 6 = 26 |
| W = 23 + 6 = 29 | I = 9 + 6 = 15 |
| A = 1 + 6 = 7 | O = 15 + 6 = 21 |
| Y = 25 + 6 = 31 | N = 14 + 6 = 20 |

**22(A).**




**23(D).** god is great = cp an bo ...(i)
great help done = er cp fs ... (ii)
he is great = bo cp dq ... (iii)
(i) ও (ii) থেকে is = bo
(i) ও (iii) থেকে great = cp
god = an ও he = dq.
∴ he is god = an bo dq.

**24(D).** (ILON = LION, GIRET = TIGER, TOGA = GOAT) → প্রাণী; (CKOEPAC = PEACOCK) → পাখী।

**25(C).**

| | |
|---|---|
| + ⇒ − | − ⇒ × |
| × ⇒ + | + ⇒ + |


15 − 3 + 10 × 5 ÷ 5
চিহ্ন পরিবর্তনের পর
15 × 3 − 10 ÷ 5 + 5 = 45 − 2 + 5 = 48.

**26(D).** শর্ত (iii) অনুসরণ করছে।
8 5 & % 9 = 6 9
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
A D S N M N T M

**27(B).** Row (20 × 5) − (20 − 5) = 85
(24 × 6) − (24 − 6) = 126
(28 × 7) − (28 − 7) = 175
∴ নির্ণেয় সংখ্যা = 28.

**28(B).**

**29(B).**




↑PTRQUS↑ or ↑SUQRTP↑

∴R ছাড়া Q-এর পাশে U বসে আছে।

**30(A).**


**31(B).** $x(x + 3) - 8 = 2(x + 3)(x - 3)$
or $x^2 + 3x - 8 = 2(x^2 - 3^2)$
or $x^2 + 3x - 8 = 2x^2 - 18$
$x^2 - 3x - 10 = 0$
$b^2 - 4ac = (-3)^2 - 4 \times 1 \times (-10)$
$= 9 + 40 = 49 > 0$
∴দু'টি বাস্তব ও স্বতন্ত্র বীজ।

**32(D).** দ্বিঘাত সমীকরণটি হল :
$x^2$ − (বীজদ্বয়ের সমষ্টি) x + বীজদ্বয়ের গুণফল = 0
$\Rightarrow x^2 - [4 + (-5)]x + [4 \times (-5)] = 0$
or, $x^2 - [4 - 5]x - 20 = 0$
or, $x^2 + x - 20 = 0$.

**33(B).** সুদাসল = $20000\left(1+\frac{10}{100}\right)^n = 26620$

$(1.1)^n = \frac{26620}{20000}$
or, $(1.1)^n = 1.331$
or, $(1.1)^n = (1.1)^3$
∴ n = 3 বছর।

**34(C).**




∴ ∠PSR = 90°.

**35(A).** $0.63 = \frac{63}{100}$, $10.5 = \frac{105}{10}$, $2.1 = \frac{21}{10}$, $4.20 = \frac{420}{100} = \frac{42}{10}$

∴ $\frac{(63, 105, 21, 42) \text{ এর ল.সা.গু}}{(100, 10, 10, 10) \text{ এর গ.সা.গু}}$

$= \frac{630}{10} = 63$.

**36(C).** বিক্রয়মূল্যের অনুপাত
= (100 + 4) : (100 + 6)
= 104 : 106 = 52 : 53

**37(D).**

**38(B).** সংখ্যাগুলিকে ছোট থেকে বড় সাজালে হয় ⇒ 31, 53, 55, 59, 61, 69
∴ সংখ্যাগুলি বিজোড়।
∴ মধ্যমা

$= \left(\frac{n+1}{2}\right)^{th}$ term $= \left(\frac{7+1}{2}\right)^{th}$ term

= 4th term = 56.

**39(A).** $y = \frac{2x-1}{x+3}$
y = 1 বসিয়ে পাই,
$x + 5 = 2x - 1 \quad \therefore x = 4$

**40(B).** 1টি চকোলেটের বিক্রয়মূল্য
$= \frac{160}{90} = \frac{16}{9}$ টাকা।
∴ 1টি চকোলেটের ক্রয়মূল্য
$= \frac{16}{9} \times \frac{5}{4} = \frac{20}{9}$ [∵ 20% = $\frac{1}{5}$ অংশ]
∴ n সংখ্যক চকোলেট এর বিক্রয়মূল্য
$\Rightarrow \frac{20}{9} \times \frac{6}{5} \times n = 96$
$\therefore n = \frac{96 \times 5 \times 9}{20 \times 6} = 36$টি।

**41(C).** $x = 7 - 4\sqrt{3}$ হলে, $\frac{1}{x} = 7 + 4\sqrt{3}$ হবে।
$\left(\sqrt{x} + \frac{1}{\sqrt{x}}\right)^2 = x + \frac{1}{x} + 2$
$= 7 - 4\sqrt{3} + 7 + 4\sqrt{3} + 2 = 16$
$\left(\sqrt{x} + \frac{1}{\sqrt{x}}\right)^2 = \sqrt{16} = 4$

**42(D).** $2\cos\theta = \sqrt{3}$
$\cos\theta = \frac{\sqrt{3}}{2} = \cos 30° \quad \therefore \theta = 30°$
$\therefore \cos\theta \times \tan\theta$
$= \cos 30° \times \tan 30° = \frac{\sqrt{3}}{2} \times \frac{1}{\sqrt{3}} = \frac{1}{2}$

**43(A).**

**44(B).**

> সূত্র : (i) ল.সা.গু = গ.সা.গু × অনুপাতের গুণফল (দু'টি সংখ্যার ক্ষেত্রে)
> (ii) ল.সা.গু = গ.সা.গু × অনুপাতগুলির ল.সা.গু (দু'য়ের বেশি)

∴ ল.সা.গু = 20 × 3 × 5 = 300

45(C). 46(B). 47(A). 48(D). 49(B). 50(C). 51(B). 52(C). 53(B). 54(A). 55(D). 56(C). 57(D). 58(C). 59(D). 60(C).

## ৫,২২২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

১ পাতার পর

হিউম্যান রিসোর্সেস অফিসার (CHRO) সাজি ম্যাথু-এর মতে, "যেকোনো বড়ো কোম্পানির সম্পদ হল **কম্পিটিটিভ স্ট্রং ওয়ার্কফোর্স**। অর্থাৎ, যার ম্যানপাওয়ার যত বেশি এফিশিয়েন্ট, তার ব্যবসায় তত বেশি উন্নতি। আর তাই যদি কোনো কোম্পানি ব্যবসা বাড়াতে চায়, তাহলে সে সবচেয়ে বেশি গুরুত্ব দেবে তার কর্মীদের ভালো থাকার ওপর। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কর্মসংস্থান-এর দিক থেকে দেশের দ্বিতীয় বড় সংস্থা হল ইনফোসিস। আর এই বহুজাতিক টেক জায়েন্ট-এ কাজ করেন ৩,২৩,৫৭৮ (মার্চ, ২০২৫ পর্যন্ত নেওয়া তথ্য অনুযায়ী) জন কর্মী। এই বিশাল সংখ্যক কর্মীর ঠিকঠাক দেখভাল ও পরিচালনা করার মধ্যেই লুকিয়ে আছে Infosys-এর সুখ্যাতি ও সফলতা। আধুনিক যুগে যে কোম্পানি, যত ভালোভাবে কর্মী পরিচালনা বৈজ্ঞানিক পদ্ধতিতে করে থাকে, সেই কোম্পানির হোলিস্টিক ও স্ট্র্যাটেজিক গ্রোথ সবচেয়ে বেশি হয়। তাই আজ সারা পৃথিবীর মধ্যে Infosys-এর ওয়ার্কফোর্সের কোনো তুলনা নেই। আর এই পুরো ওয়ার্কফোর্স ঠিকঠাক মতো পরিচালনা করার দায়িত্বে রয়েছেন ৩,০১২ জন হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টের ডেডিকেটেড কর্মী। তাই আমাদের মতো সব কোম্পানিতেই প্রত্যেক বছর এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক ছেলেমেয়ে চাকরি পায়।" এই উদাহরণ থেকে এটা সহজেই অনুমেয়, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় HR বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, একজন সাধারণ মানের গ্র্যাজুয়েট ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে HR ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় 'Talent Acquisition (HR)' পদে। উল্লেখ্য, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ১০,০০০ থেকে ১৫,০০০ 'Talent Acquisition (HR)' নিয়োগ হয়। এদের মূল কাজ হয় ইন্টারভিউয়ের মাধ্যমে কোম্পানির জন্য সেরা ছেলেমেয়েদের রিক্রুট করা, কোম্পানির কর্মীদের পারফরম্যান্স রিভিউ করা, অ্যাটেনডেন্স ঠিকঠাক মতো হচ্ছে কিনা সেই বিষয়ে নজর রাখা, কর্মীদের পারস্পরিক বোঝাপড়া সুদৃঢ় করা, যোগ্যতা অনুযায়ী ঠিকঠাক সময় কর্মীদের পদোন্নতি, স্যালারি ও কমপেনসেশন ম্যানেজমেন্ট (ESI, PF, Gratuity ইত্যাদি) অত্যন্ত গুরুত্বপূর্ণ প্যারামিটারের ব্যাপারে সম্পূর্ণরূপে খেয়াল রাখা। অর্থাৎ এককথায় বলতে গেলে কর্মীদের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ম্যানেজমেন্টের যোগসূত্র স্থাপন করাই একজন হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের কাজ। তাই প্রতিটি কোম্পানিতে এই পদের গুরুত্ব অপরিসীম। তাই সারা বছর ধরে সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান হয় এই পদে। আর এই বিপুল সংখ্যক পদে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৩ থেকে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। foundit.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে HR ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৩ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' এই বিভাগে সবচেয়ে বেশি লোক নেওয়া হয় **Talent Acquisition (HR)** পদে। যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে HR Executive হিসাবে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই HR বিভাগে স্কিলড লোকজন দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক নিয়োগ হয়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন HR ট্রেনিংয়ের জন্য **ডিসান অ্যাকাডেমির** নাম সবথেকে ওপরে। কারণ ; (১) একমাত্র এখানেই HR বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও নিয়োগ হতে পারে। (৫) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **Interview Conduction Process, Workforce Management Technique, Employee Performance Management, Attendance Management, Employee Relations, Selection & Recruitment Management, Performance & Compensation Management**-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব স্ট্যাচুটরি ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৭) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৮) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (৯) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১০) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১১) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর স্কলারশিপের (শর্তানুযায়ী) ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

> **শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৩ থেকে ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ১০০টি থেকে ১৩০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৪,০০০ চাকরি হয়।**

## রেলে ২২ হাজার গ্রুপ 'ডি'

১ পাতার পর

ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ হলে কিংবা এন.সি.ভি.টি.'র অনুমোদিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন.এ.সি.) কোর্স পাশ হলেও যোগ্য। ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে সাধারণদের বেলায় ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০৮'এর মধ্যে, ও.বি.সি.'দের বেলায় ২-১-১৯৯০ থেকে ১-১-২০০৮'এর মধ্যে, তপশিলীদের বেলায় ২-১-১৯৮৮ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে, অ্যাক্ট অ্যাপ্রেন্টিসরা আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার A2, A3, B1, C1. মূল মাইনে : ১৮,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং CEN No. 09/2025.

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে।

কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স)-২০টি, (২) অঙ্ক-২৫টি, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০টি, (৪) জেনারেল সায়েন্স-২৫টি। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচি, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। পরীক্ষার ই-কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। সাধারণ ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী জাতি, তপশিলী উপজাতির প্রার্থীরা ৩০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ মার্চের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (৫০-১০০ কেবির মধ্যে) আর তপশিলীদের বেলায় কাস্ট সার্টিফিকেট (৫০-১০০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৪ মার্চের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্ত করতে ভুল হলে সংশোধন করতে পারবেন ৫ মার্চ থেকে ১৪ মার্চের মধ্যে।

সাধারণ প্রার্থীরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়ে থাকলে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু বা, অর্থনৈতিকভাবে দুর্বল প্রার্থীরা২৫০ টাকা ফেরৎ পাবেন।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbapryj.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.nic.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরখপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in.

**কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে কোন রেলে ক'টি শূন্যপদ:**

**(ক) পূর্ব রেলে শূন্যপদ ১,১৭৩টি।**

**(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি)** পদে এস অ্যান্ড টি বিভাগে পূর্ব রেলে ১০৩টি (জেনাঃ ৪০, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২৯, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২০, সি.সি.এ.এ. ২০, প্রতিবন্ধী ১২।

**(২) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৭টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

**(৩) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন** পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে ৭৫টি (জেনাঃ ৩২, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২০, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৫, সি.সি.এ.এ. ১৫, প্রতিবন্ধী ৬।

**(৪) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ১৮টি (জেনাঃ ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩, প্রতিবন্ধী ২।

**(৫) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৫১টি (জেনাঃ ২০, তঃজাঃ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৭)। এর মধ্যে প্রাঃসঃকঃ১০, সি.সি.এ.এ.১০, প্রতিবন্ধী ৭।

**(৬) অ্যাসিস্ট্যান্ট পি.ওয়ে** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ২টি (জেনাঃ)।

**(৭) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি.** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ২৬টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, সি.সি.এ.এ. ৫, প্রতিবন্ধী ৩।

**(৮) অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৩৩টি (তঃজাঃ ২১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭, সি.সি.এ.এ. ৭, প্রতিবন্ধী ৩।

**(৯) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬, সি.সি.এ.এ. ৬, প্রতিবন্ধী ৫।

**(১০) পয়েন্টসম্যান-বি** পদে ট্রাফিক বিভাগে পূর্ব রেলে ২০৮টি (জেনাঃ ৮৭, তঃজাঃ ৩১, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৫০, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪১, সি.সি.এ.এ. ৪১।

**(১১) ট্রাকমেন্টেনার-IV** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৩৯৩টি (জেনাঃ ১৬০, তঃজাঃ ৬০, তঃউঃজাঃ ২৮, ও.বি.সি. ১০৬, ই.ডব্লু.এস. ৩৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭৯, সি.সি.এ.এ. ৭৯।

**(১২) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে কলকাতা মেট্রো রেলে ১২৯টি (জেনাঃ ৪৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৩০, ই.ডব্লু.এস. ৩০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৬, সি.সি.এ.এ. ২৬, প্রতিবন্ধী ৬।

**(১৩) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি)** পদে এস অ্যান্ড টি বিভাগে কলকাতা মেট্রো রেলে ১৩টি (জেনাঃ ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩, প্রতিবন্ধী ১।

**(১৪) পয়েন্টসম্যান-বি** পদে ট্রাফিক বিভাগে কলকাতা মেট্রো রেলে ৫৩টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১১, সি.সি.এ.এ. ১১।

**(১৫) ট্রাকমেন্টেনার-IV** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে কলকাতা মেট্রো রেলে ৩২টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬, সি.সি.এ.এ. ৬, প্রতিবন্ধী ২।

**(খ) দক্ষিণ-পূর্ব রেলে শূন্যপদ ৯৪৯টি।**

**(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি)** পদে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৪৫টি (জেনাঃ ১৫, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১০, সি.সি.এ.এ. ১০, প্রতিবন্ধী ১৬।

**(২) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ইডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২।

**(৩) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন** পদে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ২৬টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, সি.সি.এ.এ. ৫, প্রতিবন্ধী ১০।

**(৪) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ইডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ৩।

**(৫) অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১৮টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩।

**(৬) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি.** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩, প্রতিবন্ধী ৬।

**(৭) পয়েন্টসম্যান বি** পদে ট্রাফিক বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ২৬৬টি (জেনাঃ ৯৬, তঃজাঃ ৫২, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৬৮, ই.ডব্লু.এস. ৩০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫৪, সি.সি.এ.এ. ৫৪।

**(৮) ট্রাকমেন্টেনার-IV** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৫৩৩টি (জেনাঃ ২১৩, তঃজাঃ ৭১, তঃউঃজাঃ ৫৩, ও.বি.সি. ১৩৬, ই.ডব্লু.এস. ৬০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১০৬, সি.সি.এ.এ. ১০৬।

**(৯) অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩, প্রতিবন্ধী ১।

**(১০) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১, প্রতিবন্ধী ৩।

**(গ) পূর্ব উপকূল রেলে শূন্যপদ ৮০৩টি।**

**(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি)** পদে এস অ্যান্ড টি বিভাগে পূর্ব-উপকূল রেলে ৪৩টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস.৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, সি.সি.এ.এ. ৯, প্রতিবন্ধী ৫।

**(২) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

**(৩) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন** পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৪৮টি (জেনাঃ ২০, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১০, সি.সি.এ.এ. ১০, প্রতিবন্ধী ২।

**(৪) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৫টি (জেনাঃ ২, তঃজাঃ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

**(৫) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল)** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ১।

**(৬) অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২)।

**(৭) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি.** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব -উপকূল রেলে ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

**(৮) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি** পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৪২টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ১১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, সি.সি.এ.এ. ৯, প্রতিবন্ধী ৩।

**(৯) পয়েন্টসম্যান বি** পদে ট্রাফিক বিভাগে পূর্ব-উপকূল রেলে ১৬৩টি (জেনাঃ ৬৮, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৪৫, ই.ডব্লু.এস. ১৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩৩, সি.সি.এ.এ. ৩৩।

**(১০) ট্রাকমেন্টেনার-IV** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ৪০০টি (জেনাঃ ১৬৩, তঃজাঃ ৫৯, তঃউঃজাঃ ৩০, ও.বি.সি. ১০৭, ই.ডব্লু.এস. ৪১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮০, সি.সি.এ.এ. ৮০।

**(১১) অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন** পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ৭৭টি (জেনাঃ ৩২, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৫, সি.সি.এ.এ. ১৫, প্রতিবন্ধী ৪।

**(ঘ) পশ্চিম রেলে (মুম্বই) শূন্যপদ ৩,১৪৮টি।**

**(ঙ) উত্তর-পশ্চিম রেলে (জয়পুর) শূন্যপদ ৯৭৪টি।**

**(চ) দক্ষিণ-পশ্চিম রেলে (হুবলি) শূন্যপদ ৯০টি।**

**(ছ) পশ্চিম-মধ্য রেলে (জবলপুর) শূন্যপদ ১,১৪৭টি।**

**(জ) দক্ষিণ-পূর্ব মধ্য রেলে (বিলাসপুর) শূন্যপদ ১,১৯৯টি।**

**(ঝ) উত্তর রেলে (নয়া দিল্লি) শূন্যপদ ৩,৫৩৭টি।**

**(ঞ) দক্ষিণ রেলে (চেন্নাই) শূন্যপদ ১,০৩৬টি।**

**(ট) উত্তর-পূর্ব রেলে (গোরখপুর) শূন্যপদ ১,১৯৬টি।**

**(ঠ) উত্তর-পূর্ব সীমান্ত রেলে (গুয়াহাটি) শূন্যপদ ১,৭৭৬টি।**

**(ড) সেন্ট্রাল রেলে (মুম্বই) শূন্যপদ ১,৯৭৯টি।**

**(ঢ) পূর্ব মধ্য রেলে (হাজিপুর) শূন্যপদ ৯৯৩টি।**

**(ণ) উত্তর-মধ্য রেলে (এলাহবাদ) শূন্যপদ ১,১৮৩টি।**

**(ত) দক্ষিণ-মধ্য রেলে (সেকেন্দরাবাদ) শূন্যপদ ১,০১২টি।**

## প্রতিরক্ষা সংস্থায় ১২২

১ পাতার পর

ইক্যুইপমেন্ট) : আই.টি.আই. থেকে ক্রেন অপারেশন্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর ক্রেন অপারেশন্সের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শূন্যপদ : ৫৫টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৯)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (রিগার) :** আই.টি.আই. থেকে রিগার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মাধ্যমিক পাশরা লোডিং ও আনলোডিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (হিট ট্রিটমেন্ট অপারেটর) :** আই.টি.আই. থেকে ফোর্জরি অ্যান্ড হিট ট্রিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (ফিটার অটো ইলেক্ট্রিক) :** আই.টি.আই. থেকে অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (স্যান্ড অ্যান্ড শট ব্লাস্টার) :** মাধ্যমিক পাশরা শট ব্লাস্টিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্র্যাক্ট) (মেশিনিস্ট) :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১২২টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ৫৫, তঃজাঃ ৪১)। এর মধ্যে প্রতিবন্ধী ১৬, প্রাঃসঃকঃ ৪৩।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১৪-২-২০২৬'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। পারিশ্রমিক মাসে ২১,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HVF/RG/FTB/RECT/JTC/2026/01.

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.ddpdoo.gov.in দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা SBI Collect -এ জমা দেবেন। তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, আই.টি.আই. সার্টিফিকেট, (২) ব্যাঙ্ক পাস বুক, আধার কার্ড, প্যান কার্ড ইত্যাদি প্রমাণপত্র, (৩) ড্রাইভিং লাইসেন্স, (৪) টাকা জমা দেওয়ার রিসিপ্ট। দরখাস্ত পৌঁছনো চাই ১৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Heavy Vehicles Factory (A Unit of Armoured Vehicles Nigam Ltd), Post Bag No. 01, HVF Estate, Avadi, Chennai-600 054.

## প্রাইমারির ইন্টারভিউ

১ পাতার পর

https://www.wbbpeonline.com/dashboard

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, দ্বিতীয় ফেজে কলকাতা, ঝাড়গ্রাম ও জলপাইগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ শেষ হয়েছে। সব জেলার প্রার্থীদের সুষ্ঠুভাবে ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হয়েছে। তবে উপস্থিতির হার ১০০% নেই। ধাপে ধাপে সব জেলারই ইন্টারভিউ ফেব্রুয়ারিতে শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে। চতুর্থ ফেজের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে তার তারিখ ঠিক না হলেও আশা করা যায়, ফেব্রুয়ারি মাসের ১৫ তারিখের পর থেকে শুরু হতে পারে। ইন্টারভিউ সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তি যথাসময়ে প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হবে।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে (যাঁরা এখনো ইন্টারভিউয়ের কল লেটার পাননি, তাঁরা এইসব প্রমাণপত্র সংগ্রহ করে রাখুন) :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) 'টেট' পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এর্ড.'এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া 'ফার্স্ট এনগেজমেন্ট লেটার'।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.'এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

অন্যদিকে, ২০১৪ সালের প্রাইমারি 'টেট' পাশ সার্টিফিকেট'এর জন্য অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৭ ফেব্রুয়ারি করা হয়েছে। যাঁরা ২০১৪ সালে 'টেট' পাশ করেছেন, তাঁরা ওয়েবসাইটে গিয়ে ৭ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত করতে পারবেন। 'টেট' পাশের সার্টিফিকেট সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে ডাউনলোড করতে হবে। যাঁরা 'টেট' সার্টিফিকেটের জন্য অনলাইনে সঠিকভাবে (Successfully Submitted) করেছেন, তাঁরা 'টেট' সার্টিফিকেটের জন্য অপেক্ষা করুন, বোর্ড ভেরিফিকেশন সম্পূর্ণ হলেই সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন। এই ওয়েবসাইট থেকে : https://wbbpe.wb.gov.in

## অস্ত্র তৈরির কারখানায় ৩,৯৭৯

১ পাতার পর

**বয়স :** সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩-৩-২০২৬'এর হিসাবে ১৪ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং : YIL Advertisement No. 1457, Dated: 30-01-2026.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এক্স-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে ফ্যাক্টরিভিত্তিক, ক্যাটেগরিভিত্তিক তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ৩ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://recruit-gov.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, আই.টি.আই. সার্টিফিকেট, আধার কার্ড ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, ট্রান্সজেন্ডার হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে ফোন করুন এই হেল্প নম্বরে : ৯১৮৭৪৬৩৫০৯।

**কোন প্রতিরক্ষা কারখানায় ক'টি শূন্যপদ :**

কোন প্রতিরক্ষা কারখানায় কোন কোন ট্রেডে অ্যাপ্রেন্টিস নেওয়া হবে ও ক'টি শূন্যপদ : **(1) The General Manager, Metal & Steel Factory, Ishapore, PIN – 743 144, Distt : 24 Parganas (North), West Bengal.** পড়ানো হবে : নন-আই.টি.আই. -ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার ১১টি (জেনাঃ৭, ও.বি.সি.২, তঃজাঃ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ২০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)। মেশিনিস্ট - ৭৬টি (জেনাঃ ৪০, ও.বি.সি. ১৬, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। ফিটার - ৫০টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১১, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ৩৫টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৭, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। মেশিনিস্ট (গ্রাইন্ডার) ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৪টি (জেনাঃ)।

**(2) The General Manager, Ordnance Factory, Dum Dum, Kolkata -700 028, West Bengal.** পড়ানো হবে : নন-আই.টি.আই.— ফিটার ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেশিনিস্ট ১০টি (জেনাঃ ৫, ও.বি,.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ৩)। মেশিনিস্ট -৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। ফিটার - ৬টি (জেনাঃ ৫, তঃজাঃ ১)। টার্নার ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২)।

**(3) The General Manager, Gun & Shell Factory, Cossipore, Kolkata -700 002, West Bengal.** পড়ানো হবে : পড়ানো হবে : নন-আই.টি.আই. — মেশিনিস্ট ৭৩টি (জেনাঃ ৩৭, ও.বি.সি. ১৬, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ২। ফিটার ২৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মেশিনিস্ট-২২টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। ফিটার-১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। টার্নার ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। ওয়েল্ডার ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

(4) চণ্ডীগড় অর্ডন্যান্স ফ্যাক্টরি — ৫২টি।
(5) মধ্য প্রদেশ গান ক্যারেজ ফ্যাক্টরি জবলপুর — ২২১টি।
(6) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি, জবলপুর — ৪৮টি।
(7) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি ইতার্সি — ৬৭টি।
(8) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি খামারিয়া জব্বলপুর — ৪৯৮টি।
(9) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি কাতনি — ৮০টি।
(10) মহারাষ্ট্র হাই এক্সপ্লোসিভ ফ্যাক্টরি, কিরকি (পুণে) — ৭৬টি।
(11) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, অম্বরনাথ, থানে — ৮০টি।
(12) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, আম্বাঝারি, নাগপুর — ৩৩৩টি।
(13) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, ভান্ডারা — ৫৩টি।
(14) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, ভুসাওয়াল — ৯১টি।
(15) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, চান্দা, চন্দ্রপুর — ৪১৫টি।
(16) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, দেহু রোড, পুণে — ১০৯টি।
(17) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি ভারাগাঁও — ১২৬টি।
(18) মহারাষ্ট্র অ্যামিউনিশন ফ্যাক্টরি, কিরকি — ৪৭টি।
(19) ওড়িশা অর্ডন্যান্স ফ্যাক্টরি বাদমাল, বোলাঙ্গির — ৮৩টি।
(20) তামিলনাড়ু অর্ডন্যান্স ক্লোদিং ফ্যাক্টরি, আবাদি — ৩৩টি।
(21) তামিলনাড়ু হাই এনার্জি প্রোজেক্টাইল ফ্যাক্টরি, তিরুচিরাপল্লী — ৮৮টি।
(22) তামিলনাড়ু অর্ডন্যান্স ফ্যাক্টরি, তিরুচিরাপল্লী — ১১৫টি।
(23) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি, মুরাদনগর — ১৯৫টি।
(24) উত্তর প্রদেশ স্মল আর্মস ফ্যাক্টরি, কানপুর — ১৩০টি।
(25) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি, কানপুর — ২২০টি।
(26) উত্তর প্রদেশ অর্ডন্যান্স প্যারাশুট ফ্যাক্টরি, কানপুর — ৯৬টি।
(27) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ইক্যুইপমেন্ট ফ্যাক্টরি, হজরতপুর — ৮টি।
(28) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ইক্যুইপমেন্ট ফ্যাক্টরি, কানপুর — ৪০টি।
(29) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ক্লোদিং ফ্যাক্টরি, শাহজাহানপুর — ৩৪টি।
(30) উত্তরাখণ্ড অর্ডন্যান্স ফ্যাক্টরি দেরাদুন — ৬৯টি।
(31) উত্তরাখণ্ড অপ্টো ইলেক্ট্রনিক ফ্যাক্টরি, দেরাদুন — ৭৮টি।
(32) বিহার অর্ডন্যান্স ফ্যাক্টরি, নালন্দা — ২০টি।

ওপরের ওইসব অর্ডন্যান্স ফ্যাক্টরিতে কোন ট্রেডে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন।

ADMISSION OPEN FOR JOB ORIENTED COURSES
SRIMATI TECHNO INSTITUTE
INDUSTRIAL TRAINING & MENTORING
AN ISO:9001-2015 CERTIFIED INSTITUTE
@ 9230076099 | 9230062679
114/2A, Hazra Rd, Nr. Kalighat Fire Brigade, Kol -26
ITI Courses
• Electrician • Fitter • Welder
• Refrigeration & AC Mechanic
• Automobile Mechanic
Beauty & Wellness
• Beautician ( Skin & Hair)
• Professional Make-up
• Bridal Make-up
Safety Management Courses
• Diploma in Fire & Safety Mgmt.
• Adv. Diploma in Fire & Safety Mgmt.
• B.sc(Fire & Industrial Safety) 3Yrs
• B.Sc. Hons in (Fire & Industrial Safety) 4Yrs
Placement Assistance
Short Term Courses
• Mobile & Smart Phone Tech.
• CCTV Technician
IT Courses
• Computer Hardware & Net.
• AutoCAD • FA with GST(Tally Prime)
• DTP • 3Ds Max with V-Ray
• Web Technology
• Audio & Video Editing
• Office Management
Art & Design Courses
• Fashion Design & Tech.
• Interior Design (AutoCAD, 3Ds Max with V-Ray)
• Animation & Multimedia
SRIMATI'S HIGHLIGHTS
• Flexible Timing • Railway Concession • Trade wise Workshop
• Simulation training • Audio visuals session • Periodic Assessments
• Mock Interview Session • Wi-fi Campus • Seminar & Fashion Show
• Internship • Placement Assistance
BRANCHES Open BARUIPUR | 92300 62678
(Mon to Saturday) Follow us | www.srimatitechno.org

RICE ADAMAS GROUP
WBCS 2023, Group A & B
এবারও সাফল্যের শীর্ষে RICE-এর ছাত্রছাত্রীরা
RICE EDUCATION

যখন অনেকেই WBCS Officer হওয়াকে অসম্ভব মনে করে, তখন রাইস এর অসংখ্য ছাত্রছাত্রী সহজেই প্রতি বছর তা সম্ভব করে দেখায়।
২৭.০১.২০২৬ তারিখে প্রকাশিত WBCS 2023, Group A & B-এর চূড়ান্ত ফলাফলে RICE-এর ছাত্রছাত্রীদের বিপুল সাফল্যই প্রমান করে উন্নত প্রশিক্ষণ থাকলে কোনো পরিস্থিতিই সরকারি চাকরি পাওয়ার ক্ষেত্রে বাধা হতে পারে না।







Classroom | Online | Residential — IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | TET | Insurance
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18051 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957
RICE RESIDENTIAL — দীর্ঘ প্রতীক্ষার অবসান RICE-এ আবার শুরু হলো নতুন Residential ব্যাচ।
Residential Program available at Adamas Knowledge City, Barasat
ricesmart | RICE RESIDENTIAL | RICE IAS | ADAMAS UNIVERSITY NAAC GRADE | adamas tech
Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com